কর্মসংস্থান

দাম : ৬ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 44 ■ 7th November, 2026 ■ Saturday ■ Kolka[illegible]



Pujak Pandit
B.Tech

B.Tech পড়েও বেকার সব...
DESUN এর ট্রেনিংয়ে পেলাম JOB
ডিগ্রি আছে... কিন্তু চাকরি নেই? Problem ডিগ্রি না ... Skill Gap

DESUN ACADEMY
Get Placed by Skills
পূজক পারলে, তুমিও পারবে
বিস্তারিত পড়ুন 3 নং পাতায়

+91 94296 91888 | www.desunacademy.in

কনস্টেবল, সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদে

কলকাতা পুলিশে ৫,৮৯৩, রাজ্য পুলিশে ৯,০০০ শূন্যপদের বিজ্ঞপ্তি এমাসেই

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : কলকাতা পুলিশে কনস্টেবল, লেডি কনস্টেবল, সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদে নিয়োগের জন্য ৫,৮৯৩টি শূন্যপদ পূরণের অনুমোদন দিয়েছে অর্থ দফতর। রাজ্য সরকারের ডেপুটি সেক্রেটারি এক নির্দেশে জানান (বিজ্ঞপ্তি নং No. 3289-PL/PA/1C-04/19 (PL), Date : 27-10-2026) কনস্টেবল পদে ৪,৩১৯টি, লেডি কনস্টেবল পদে ৪৩০টি, সাব-ইন্সপেক্টর পদে ৭০টি, সাব-ইন্সপেক্টর (আর্মড) পদে ১টি, সাব-ইন্সপেক্টর পদে ৪২৫টি ও সার্জেন্ট পদে ৬৪৮টি শূন্যপদ আছে। ওইসব পদে নিয়োগ করবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। ডিসেম্বরের মধ্যেই ওইসব পদে নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে। মাধ্যমিক পাশ ☞এরপর ৫ পাতায়

রেলে ১,২১৫ স্টেশন মাস্টার নেওয়া হচ্ছে

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য স্টেশন মাস্টার পদে ১,২১৫ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। দরখাস্ত নেওয়া শুরু হয়েছে ২৭ অক্টোবর থেকে। চলবে ২৫ নভেম্বর পর্যন্ত। এই পদের বিজ্ঞপ্তি নং ৮/২০২৬। কারা কোন পদের জন্য যোগ্য :

যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৭'এর হিসাবে ২০ থেকে ৩৩ বছরের মধ্যে। জন্ম-তারিখ হতে হবে জেনারেল ও ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ২-১-১৯৯৪ বা, তারপর, ও.বি.সি.'দের বেলায় ২-১-১৯৯১ বা, তারপর, তপশিলীদের বেলায় ২-১-১৯৮৯ বা, তারপর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ☞এরপর ১২ পাতায়

আগামী ৮ মে'র মধ্যে রাজ্য সরকারে ১ লাখ শূন্যপদ পূরণ

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ২০২৭ সালের ৮ মে'র মধ্যে রাজ্য সরকারের বিভিন্ন দফতরে ১ লাখ শূন্যপদ পূরণের প্রতিশ্রুতি দিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ৩১ অক্টোবর সাংবাদিক সম্মেলনে তিনি জানান, '৯ মে মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিয়েছি। আর আগামী বছর ৮ মে ১ বছর পূর্ণ হবে। আমরা কথা দিয়েছিলাম, রাজ্যে সরকারি চাকরির জোয়ার আসবে। তাই ১ বছরের মধ্যে ১ লাখ শূন্যপদ পূরণ করা হবে। এর মধ্যে রাজ্য পুলিশে প্রায় ১২ হাজার ☞এরপর ১০ পাতায়

সবিনয় নিবেদন

গত ২ বছরে ধাপে-ধাপে বেড়ে আজ নিউজপ্রিন্টের দাম প্রায় দেড় গুণ হয়েছে। সেইসঙ্গে প্লেট ও কালির দামও বেড়েছে। তাই পত্রিকার দাম মাত্র ১ টাকা বাড়াতে বাধ্য হচ্ছি। আশা করি পাঠক-পাঠিকারা সহযোগিতা করবেন। এই সংখ্যা থেকে কর্মসংস্থান পত্রিকার দাম বেড়ে হচ্ছে ৬ টাকা।

কলকাতার ১১৩টি আইটি কোম্পানিতে

৩২,৩৯৮ GenAI বেসড UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

প্রমা দাস, সল্টলেক : কলকাতার ১১৩টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ১৪,৮৩২ 'GenAI বেসড UI/UX ডিজাইনার' ও ১৭,৫৬৬ 'GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : GenAI বেসড UI/UX ডিজাইনার। যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে ☞এরপর ১০ পাতায়

কেন্দ্রে ৩২৭ অ্যাসিস্ট্যান্ট, এক্সিকিউটিভ

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : সেন্ট্রাল ওয়্যারহাউজিং কর্পোরেশন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও জুনিয়র এক্সিকিউটিভ পদে ৩২৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জেনারেল) : যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৭০টি (জেনাঃ ২৮, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ২৩, ই.ডব্লু.এস. ৭)।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (টেকনিক্যাল) : অ্যাগ্রিকালচার, ফুড টেকনোলজি, ফুড সায়েন্স, ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ফুড টেকনোলজি ম্যানেজমেন্ট বা, ☞এরপর ৭ পাতায়

নেভিতে ২১০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, গোয়া : ভারতীয় নৌবাহিনীর জাহাজ মেরামতির সংস্থা কর্ণাটক রাজ্যের কারওয়ারের ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ড ও গোয়ার ন্যাভাল এয়ারক্র্যাফট ইয়ার্ড ২৭টি ট্রেডে অ্যাপ্রেন্টিস পদে ২১০ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য : **কারওয়ার ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ডে শূন্যপদ আছে ১৮০টি। কারা কোন ট্রেডে যোগ্য :**

১ বছরের ট্রেনিং হবে এইসব ট্রেডে :

ইলেক্ট্রিশিয়ান : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ন ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। ☞এরপর ৭ পাতায়



ভারত ইলেক্ট্রনিক্সে ৩৫০ ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড 'প্রবেশনারি ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স)' ও 'প্রবেশনারি ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল)' পদে ৩৫০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

প্রবেশনারি ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) : ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ২০০টি (জেনাঃ ৮১, ই.ডব্লু.এস. ২০, ও.বি.সি. ৫৪, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫)। এর মধ্যে প্রতিবন্ধী ২৭টি। ☞এরপর ৩ পাতায়

৫৫ জার্নিম্যান

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড 'জার্নিম্যান' পদে ৫৫ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

জার্নিম্যান (স্ট্রাকচারাল ফিটার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. ☞এরপর ২ পাতায়

পুলিশে ৩০ ড্রাইভার

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : গভর্নমেন্ট রেল পুলিশ আলিপুর (কলকাতা), জলপাইগুড়ি, পূর্ব বর্ধমান ও আলিপুরদুয়ার কেন্দ্রে কাজের জন্য ড্রাইভার পদে ৩০ জন ☞এরপর ১০ পাতায়

৮০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, নারোরা : নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের নারোরা অ্যাটমিক পাওয়ার স্টেশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ৮০ জন লোক নিচ্ছে। কারা কোন ☞এরপর ২ পাতায়

কলকাতা পুলিশের

কনস্টেবল 'মেন' পরীক্ষা ২৯ নভেম্বর

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কলকাতা পুলিশের ২০২৪ সালের কনস্টেবল পদের মেনস পরীক্ষা হবে ২৯ নভেম্বর, বেলা ১২টা ☞এরপর ৫ পাতায়

ইসরোতে ৯৭ টেকনিশিয়ান, অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা, তিরুপতি : কেন্দ্রীয় সরকারের মহাকাশ দফতরের অধীন **আন্ধ্রা প্রদেশের সতীশ ধাওয়ান স্পেস সেন্টার** 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট', 'টেকনিশিয়ান-বি', 'লাইব্রেরি অ্যাটেন্ড্যান্ট' ও 'ড্রাফটসম্যান -বি' ইত্যাদি পদে ৯৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে নেওয়া হবে এইসব ট্রেডে :

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল) : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস.১)। পোস্ট নং : 07. ☞এরপর ৫ পাতায়

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

স্কুল-কলেজ-শিক্ষা

NIOS রবীন্দ্র BOSSE
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422
R

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

স্কুল-কলেজ-শিক্ষা

Optometry & Lab.Tech
ইউনিভার্সিটি স্বীকৃত (UGC) B.Optom (LE), M.Optom, BMLT (LE), BRIT (LE), DDH (Dental) কোর্সে ভর্তি চলছে। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সায়েন্স। (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ), গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84, 45A বাসস্ট্যান্ডের বিপরীতে www.camsversity.com 7980054389 / 7439213900
D

কর্মখালি

Punjab National Bank (2026) বিভিন্ন সরকারি পোস্টে, নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 26,300/--92,900/-, H.R. - 9647190870
SA

বন্ধন ব্যাঙ্কে (DSA)'র জন্য
ম্যানেজার ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে কর্মী নিয়োগের সুযোগ। যোগ্যতা: HS/স্নাতক। বিভিন্ন উচ্চপদে আগ্রহী প্রার্থীরা বায়োডাটা জমা দিন। বিস্তারিত জানতে যোগাযোগ 9382350040
SP

কর্মখালি

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (DSA)'র
বিভিন্ন পদে ম্যানেজার ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নিয়োগের সুযোগ। যোগ্যতা: HS/স্নাতক। উচ্চপদে আগ্রহী প্রার্থীরা বায়োডাটা জমা দিন। বিস্তারিত জানতে যোগাযোগ 9332753126
SP

চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে। — সম্পাদক, **কর্মসংস্থান**

কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ
SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH
INC, WBNC & WBUHS স্বীকৃত
Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com



Courses Offered
B.Sc নার্সিং 60 Seats (4 Years)
GNM নার্সিং 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।
সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।
যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani)
Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) Opening soon in this year

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

ডাকবিভাগে ১৯ স্কিল্ড আর্টিজন

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় ডাক বিভাগের কলকাতা মেল মোটর সার্ভিস 'স্কিল্ড আর্টিজান' পদে ১৯ জন লোক নিচ্ছে। আই.টি.আই. থেকে মোটর ভেহিক্যাল মেকানিক, মোটর ভেহিক্যাল ইলেক্ট্রিশিয়ান, ব্ল্যাকস্মিথ, টায়ারম্যান, পেইন্টার, আপহোলস্টার, পেইন্টার, কার্পেন্টার অ্যান্ড জয়েন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা আবেদন করতে পারেন। ক্লাস এইট পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। মোটর ভেহিক্যাল মেকানিক ট্রেডের বেলায় গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে ও ভারি গাড়ি চালানোয় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শূন্যপদ : মোটর ভেহিক্যাল মেকানিক ট্রেডে ৮টি, মোটর ভেহিক্যাল ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ৪টি, ব্ল্যাকস্মিথ ২টি, টায়ারম্যান ২টি, পেইন্টার ১টি, আপহোলস্টার ১টি, কার্পেন্টার ও জয়েন্টার ১টি। ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮ বর্ষের শূন্যপদগুলি পূরণ হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : MMG/36/Sk.Artisan/DR/II/95, Date: 29.10.2026.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মাধ্যমে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.indiapost.gov.in দরখাস্ত পৌঁছনো চাই ৩০ নভেম্বরের মধ্যে। এই ঠিকানায় : Office of the The Senior Manager, Mail Motor Services, 139, Beleghata Road, Kolkata-700 015.

৫৫ জার্নিম্যান

১ পাতার পর

থেকে স্ট্রাকচারাল ফিটার, ফ্যাব্রিকেটর, শীট মেটাল ওয়ার্ক, ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

জার্নিম্যান (ফিটার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ওয়েপন ফিটার বা, এম.এম.টি.এম. ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৬টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

জার্নিম্যান (ক্রেন অপারেটর) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

জার্নিম্যান (মেশিন অপারেটর) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে মিলরাইট মেকানিক বা, এম.এম.টি.এম. ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

জার্নিম্যান (পাইপ ফিটার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে পাইপ ফিটার বা, প্লাম্বিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

জার্নিম্যান (রিগার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে রিগার, উড ওয়ার্ক টেকনিশিয়ান বা, কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

জার্নিম্যান (ড্রাইভার মেটেরিয়াল হ্যান্ডলিং) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ডিজেল মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

জার্নিম্যান (ইলেক্ট্রনিক মেকানিক) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৬টি (জেনাঃ ১, তঃজাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ২)।

জার্নিম্যান (ডিজেল মেকানিক) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ডিজেল মেকানিক, মেকানিক ডিজেল বা, মেকানিক (মেরিন ডিজেল) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

জার্নিম্যান (ইলেক্ট্রিশিয়ান) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

জার্নিম্যান (জি.আর.পি./এফ.আর.পি ওয়ার্কার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফাইবার রেনফোর্সড প্লাস্টিক প্রসেসর, প্লাস্টিক প্রসেসিং অপারেটর ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

জার্নিম্যান (ওয়েল্ডার) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়েল্ডার, টি.আই.জি./এম.আই.জি. ওয়েল্ডার, ওয়েল্ডার (পাইপ), ওয়েল্ডার (ফ্যাব্রিকেশন অ্যান্ড ফিটিং), ওয়েল্ডার (ওয়েল্ডিং অ্যান্ড ইন্সপেকশন), অ্যাডভান্সড ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ: ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১০-২০২৬'এর হিসাবে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড প্রথম বছর মাসে ২৪,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ২৬,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ১৯,৯০০-৬৯,৬৫০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা ও রাঁচীতে। লিখিত পরীক্ষায় থাকবে দুটি পার্ট। প্রথম পার্টের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে থাকবে ৮০ নম্বর আর দ্বিতীয় পার্টে ২০ নম্বর থাকবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ, জেনারেল অ্যাপ্টিটিউড, রিজনিং, মেন্টাল এবিলিটি, নিউমেরিক্যাল এবিলিটি। সময় থাকবে ২ ঘন্টা। সফল হলে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে প্র্যাক্টিক্যাল টেস্টের জন্য ডাকা হবে। দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.grse.in, https://jobapply.in/grse2026 এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৪৭২ (তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

TEACHER REQUIRED
Required Part Time Hindi (M.A., B.Ed.) Teacher.
Apply within 27/11/2026
Sri Ramakrishna Ashrama Institute (H.S.)
M. N. Roy Rd., Harinavi, Kol-148
Ph : (033) 2477 5249
E-mail : srai1967.school@gmail.com

৮০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

পদের জন্য যোগ্য :

ট্রেড অ্যাপ্রেন্টিস : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ১০,৫৬০ টাকা ও ১১,০৪০ টাকা। শূন্যপদ : ফিটারে ১৬টি (জেনাঃ ৬, তঃজাঃ ৪, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। ইলেক্ট্রিশিয়ানে ২৫টি (জেনাঃ ১১, তঃজাঃ ৫, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)। ইলেক্ট্রনিক্স মেকানিকে ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস : সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যালে ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। ইলেক্ট্রিক্যালে ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। ইলেক্ট্রনিক্সে ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। সিভিলে ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস : ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা হিউম্যান রিসোর্স, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস, কন্ট্রাক্ট অ্যান্ড মেটেরিয়াল ম্যানেজমেন্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিক্যাল ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। মেকানিক্যাল ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। হিউম্যান রিসোর্স ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। কন্ট্রাক্ট অ্যান্ড মেটেরিয়াল ম্যানেজমেন্ট ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১৮-১১-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৩৭ সেমি আর ওজন অন্তত ২৫.৪ কেজি। বুকের ছাতি ৩.৮ সেমি প্রসারণক্ষম থাকতে হবে। ১ বছরের ট্রেনিং। প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এই পদের বিজ্ঞপ্তি নং : NAPS/HRM/Apprentice/02/2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.gov.in, www.nats.education.gov.in, www.npcilcareers.co.in

কীভাবে সাধারণ মধ্যবিত্ত পরিবার থেকে ডিজিটাল মার্কেটিংয়ে হ্যান্ডসাম স্টাইপেন্ডের ইন্টার্নশিপ পেলাম



পূজক পণ্ডিত
ডিজিটাল মার্কেটিং

এক সাধারণ মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। ভালো কলেজ থেকে ইনফরমেশন টেকনোলজি নিয়ে বি.টেক পাশ করি। তারপর অন্তত ৮-৯টি ইন্টারভিউ দিই। প্রতিটিতে অসফল হই। অর্থাৎ এককথায় 'সবাই আমাকে রিজেক্ট করে'। কিছুতেই চাকরি পাচ্ছিলাম না। পরিস্থিতি প্রতিদিন দম বন্ধ হয়ে আসছিল। সবসময় নেগেটিভ লাগত। অবস্থার উন্নতির জন্য আমি মরিয়া হয়ে উঠেছিলাম। তারপর এক আত্মীয়ের পরামর্শে, দমে না গিয়ে ১ বছর ধরে প্রত্যেক সপ্তাহে আমি **'কর্মসংস্থান' কাগজটি** বাড়িতে রাখা শুরু করলাম। বলতে গেলে পুরো কাগজটাই গিলতাম। তারপর ওখান থেকেই একদিন জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। আমি তখন চাকরি পাওয়ার জন্য মরিয়া। মনে হল এখানে কিছু হলেও হতে পারে। যাই হোক, সরাসরি ওই ইনস্টিটিউটে ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার নিজের ওপর নিজেরই কোনো 'এক্সপেক্টেশন' ছিল না। কিন্তু ওখানে যাওয়ার পর বেশ অবাক হয়েছিলাম। আমার তখন যেরকম অবস্থা, সেটা ওখানকার কাউন্সিলারদের পুরোপুরি খুলে বললাম। কোথাও যেন 'আশার আলো' দেখতে পেলাম। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করলেন। আমার পুরো মানসিক (সেল্ফ কনফিডেন্স একদম তলানিতে ছিল) অবস্থা বুঝে, ঠিক কি ধরনের কোর্সের ট্রেনিং নিলে, আমি ৬ থেকে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পেয়ে, আবার ঘুরে দাঁড়াতে পারব সেই ব্যাপারে ওঁরা সম্পূর্ণ কাউন্সিলারদের পরামর্শ মত কোর্সে ভর্তি হই। এটি ৯ Website Design, Promotional Marketing, designing ইত্যাদি কী ট্রেনিং দেওয়া হয়। আইটি সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির সংস্থা ডেলয়েট এলএলসি-এর ডেভেলপারের চাকরির সংখ্যা বছরে ১০-১২ হাজার লোক কোর্স নিয়ে পড়লে নিশ্চিত মাইনেও পাওয়া যায়। প্রথম কোম্পানিতে এই ট্রেডের মডার্ন, ডায়নামিক ও স্কেলেবেল ওয়েব অ্যাপ্লিকেশন অত্যন্ত সুচারুভাবে নিমেশে তৈরি করে দিতে পারে — যা এখানকার ছেলেমেয়েদের ইন্ডাস্ট্রির সেরা সেরা কোম্পানিতে 'Most attractive pay package' এ প্লেসড হতে সাহায্য করে। যখন এই প্রতিষ্ঠানে ভর্তি হয়েছিলাম, তখন বলা হয়েছিল এখান থেকে ট্রেনিং নিলে, ৬ মাস পর পেইড ইন্টার্নশিপ পাওয়া যায় — তা যে সর্বৈবভাবে সত্যি, সেকথা আর বলার অপেক্ষা রাখে না। ট্রেনিং শেষ হওয়ার আগেই, আমি এখন একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করেছি। আর প্রথম মাস থেকেই সেখানে আমি রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পাচ্ছি। একথা নিশ্চিত যে এই ইন্টার্নশিপ শেষ হওয়ার পর Digital Marketer হিসাবে, আমি বছরে যে প্যাকেজ পাব — ট্রেনিং শুরু হওয়ার আগে আমি তা ভাবতেই পারতাম না। অর্থাৎ, একটা জিনিস পরিষ্কার যে, ঠিকঠাক জায়গা থেকে ট্রেনিং নিলে আমার মতো তোমাদের স্বপ্নও সফল হবে।

"ডিগ্রি আছে... কিন্তু চাকরি নেই? Problem ডিগ্রি না... Skill Gap" - ডিসান অ্যাকাডেমির এই ট্যাগ লাইনের সবচেয়ে বড় প্রমাণ হল পূজকের এই ঘটনা। সব জায়গায় প্রথমে অসফল হলেও, ঠিকঠাক মত জায়গা থেকে 'Skill Upgradation Training' করা থাকলে, IT ফিল্ডে যে ভালো কেরিয়ার হয় - তা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল ডিসান অ্যাকাডেমির পূজক পণ্ডিত।

কীভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেসবের ওপরেই এখানকার সব কোর্স ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৯) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৯ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

ভারত ইলেক্ট্রনিক্সে ৩৫০ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

প্রবেশনারি ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ১৫০টি (জেনাঃ ৬২, ই.ডব্লু.এস. ১৫, ও.বি.সি. ৪০, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১১)। এর মধ্যে প্রতিবন্ধী ১৮টি।

দুই ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-১০-২০২৬'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। সফল হলে ইন্টারভিউ। ১২০ মিনিটের ১২৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাপ্টিটিউড ও রিজনিং-২৫টি ও টেকনিক্যাল সংক্রান্ত ১০০টি। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : 17556/HR/All-India/2026, Date: 28.10.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.bel-india.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ টাকা অনলাইনে দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

রাজ্য সরকারের চাকরির পরীক্ষাগুলির জন্য বিশেষ কম্বাইন্ড কোর্স শুরু হচ্ছে বালিগঞ্জ ও শিয়ালদহে

নিজস্ব প্রতিনিধি : মাধ্যমিক হোক বা গ্রাজুয়েশন, ভিন্ন স্তরের সরকারি চাকরির প্রার্থীদের জন্য এখন সুবর্ণ সুযোগ। আসন্ন রাজ্যের পিএসসি ক্লার্কশিপ থেকে কেন্দ্রের রেলওয়ে এনটিপিসি পরীক্ষাগুলির মাধ্যমে বিভিন্ন স্তরের বিভিন্ন শূন্য পদে নিয়োগ হতে চলেছে। আর এই সকল কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির পরীক্ষাগুলির প্রস্তুতির জন্য কলকাতার অন্যতম সেরা প্রশিক্ষণ কেন্দ্র ICE Academy. প্রতিটি বিষয়ের সেরা শিক্ষক মন্ডলী ও বিজ্ঞানভিত্তিক পঠন-পাঠনের জন্য এই প্রতিষ্ঠান চাকরির প্রার্থীদের কাছে সবথেকে নির্ভরযোগ্য হয়ে উঠেছে। এই প্রতিষ্ঠানের শিক্ষাগত মান এককথায় অতুলনীয়। এই শিক্ষা প্রতিষ্ঠান এক দশকের উপর সময় ধরে হাজার হাজার ছাত্র-ছাত্রীদের স্বপ্নপূরণে সাহায্য করে চলেছে। রাজ্যের সেরা সরকারি চাকরির প্রশিক্ষকদের ও বিশিষ্ট সরকারি আধিকারিকদের তত্ত্বাবধানে সাজানো এই প্রশিক্ষণ নিয়ে এবার আপনিও পূরণ করতে পারেন সরকারি চাকরির স্বপ্ন।

ICE একাডেমিতে প্রশিক্ষণের জন্য WBCS, SSC-CGL/ CHSL, Rail NTPC, Bank PO/Clerk, TET-এর প্রতিটির পৃথক পৃথক কোর্সের পাশাপাশি শুরু হচ্ছে একটি বিশেষ কম্বাইন্ড কোর্স, যা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল রাজ্য সরকারি চাকরির জন্য যথাযথ। থাকছে প্রতি সপ্তাহে প্রতিটি বিষয়ের ওপর বিশেষজ্ঞদের ক্লাস ও নিয়মিত পরীক্ষা। সঙ্গে থাকছে বিশেষজ্ঞদের তৈরি বিশেষ স্টাডি মেটেরিয়াল ও প্র্যাকটিস পেপারের সম্ভার। পাশাপাশি ইন্টারভিউ পর্বের প্রস্তুতির জন্য চলবে ছাত্রছাত্রীদের গ্রুমিং ও পার্সোনালিটি ডেভেলপমেন্ট। বর্তমানে রাজ্যের বিভিন্ন সরকারি দপ্তরে কর্মরত প্রাক্তন ছাত্রছাত্রীরা এই প্রতিষ্ঠানের সাফল্যের খতিয়ান বহন করে।

আসন্ন পরীক্ষাগুলিকে লক্ষ্য করে অনলাইন ও ক্লাসরুমের বিভিন্ন ব্যাচগুলিতে ভর্তি চলছে। এছাড়া থাকছে অনলাইনে ফ্রি গাইডেন্স ও ফ্রি কাউন্সেলিং এর সুযোগ। তাই দেরি না করে আজই যোগাযোগ করুন।

বালিগঞ্জ কেন্দ্র: 9804412898 / 7044517509.
শিয়ালদহ কেন্দ্র: 7044981821 / 7278073043.

STRONG COMBINED COURSE (SCC)
SSC-CGL, CHSL, MTS, GD Constable, PSC-ক্লার্কশিপ, IDO, MVI, ICDS, SI of School, পঞ্চায়েত, বন-সহায়ক, মিসলেনিয়াস • WBP & KP– SI, সার্জেন্ট, কনস্টেবল, ক্লার্ক, ফায়ার অপারেটর • হাইকোর্ট-ক্লার্ক, গ্রুপ-ডি • পুরসভা— ক্লার্ক, গ্রুপ-ডি
Railway Combinded Course (RCC)
টেক্ ও নন-টেক্ (NTPC, ASM, ALP, Gr-D, টেকনিশিয়ান, JE ইত্যাদি।
বৈশিষ্ট্য : দক্ষ ফ্যাকাল্টি, উন্নত স্ট্যাডি ম্যাটেরিয়ালস, মক্ টেস্ট, ডাউট ক্লিয়ারিং, রেল তথা অন্যান্য সরকারি আধিকারিক বৃন্দ দ্বারা ক্লাস করানো হয়। ভর্তি চলছে।
CACES Education, শিয়ালদহ (জগৎ সিনেমার পাশে), কলি-৯
9062756906, 9123325910
বিঃ দ্রঃ রেলের চাকরির বিষয়ে খুঁটিনাটি জানতে রেলের আধিকারিক বৃন্দের উপস্থিতিতে আয়োজিত ফ্রি-সেমিনারে যোগ দিন। বিস্তারিত জানতে উপরোক্ত নম্বরে যোগাযোগ করুন।

স্টেনোগ্রাফি!
রাজ্য সরকার স্টেনো নিচ্ছে। APPLY BEFORE 7 Nov. ডিকটেশন স্টার্ট ১ মাসের মধ্যেই। মাসিক ফি! নিউ ব্যাচ 12 Nov. লার্ন TYPE-শর্টহ্যান্ড। সরকারি জব নিশ্চিত। প্রতি বছর রাজ্য, কেন্দ্রীয় সরকার SSC GR-D/C, রেল, ডিফেন্স, কোর্ট, পঞ্চায়েত ও বিভিন্ন প্রতিষ্ঠান এই EXAM নেয়। কমপিটিশন কম। ফোন করুন।
বালিগঞ্জ স্টেশন
ECC- 9163538588

বিজ্ঞাপন

সম্পূর্ণ ফ্রিতে ১১৫০০-জন মাধ্যমিক পাস ছেলে-মেয়েদের কেন্দ্রীয় সরকার পরিচালিত প্রশিক্ষণ দিয়ে 'কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট, অফিস অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র প্রোগ্রামার' সহ একাধিক পদে চাকরির আবেদন শুরু হয়েছে

নিজস্ব সংবাদদাতা (গ্নিম-কলকাতা): যে সমস্ত ছেলে-মেয়েরা মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পাস করার পরে একটি উচ্চ বেতনের চাকরিতে যোগদান করতে চান, অথবা 'আর্থিক বা যে কোনো কারণে কোনো সরকারি বা বেসরকারি ইনস্টিটিউট থেকে কোর্স করতে পারছেন না, বা কোর্স করে ভালো ও উচ্চ বেতনের চাকরিতে যোগদান করতে পারেননি, **'গ্নিম-কলকাতা'**- সেই সমস্ত প্রার্থীদের উদ্দেশ্যে জানাচ্ছে যে- কেন্দ্রীয় সরকার পরিচালিত 'ইনফরমেশন টেকনোলজি সেক্টরের' 'একাধিক পদের কোর্স বা প্রশিক্ষণ' সম্পূর্ণ ফ্রিতে করিয়ে চাকরি এর জন্য আবেদন পত্র জমা নেওয়া শুরু হয়েছে। প্রশিক্ষণ করার সুযোগ পাবেন প্রার্থীর নিজের জেলাতে বা নিকটবর্তী জেলাতে এবং তারপর পাবেন স্থায়ী চাকরি (কোন ক্যাজুয়াল বা কন্ট্রাকচুয়াল চাকরি নয়, সম্পূর্ণ স্থায়ী চাকরি)। পশ্চিমবঙ্গে ২৩টি জেলায় মোট ৭৬ টি এর বেশি ট্রেনিং ইনস্টিটিউট রয়েছে। প্রত্যেক জেলার ট্রেনিং ইনস্টিটিউটের তালিকা দেখতে পাবেন নিম্নে উল্লেখিত ওয়েবসাইটে। বয়স: ১-লা জুলাই ২০২৭ হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি ও এস টি প্রার্থী-রা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন। সমস্ত ট্রেড এর বিবরণ- (i) **কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট:** ট্রেনিং এর সময়সীমা ৬ মাস, আসন সংখ্যা-৪০০০ টি, (ii) **অফিস অ্যাসিস্ট্যান্ট:** ট্রেনিং এর সময়সীমা ৬ মাস, আসন সংখ্যা- ৫০০০ টি, (iii) **জুনিয়র প্রোগ্রামার :** ট্রেনিং এর সময়সীমা ৬ মাস, আসন সংখ্যা- ২০০০ টি ও (iv) **হার্ডওয়্যার টেকনিশান:** ট্রেনিং এর সময়সীমা ১ বছর, আসন সংখ্যা- ৫০০ টি। ন্যূনতম মাধ্যমিক পাস ছেলে মেয়েরা আবেদন করতে পারবেন। তবে শুধুমাত্র 'হার্ডওয়্যার টেকনিশান' পদের এর বেলায় শিক্ষাগত যোগ্যতা যে কোন শাখার উচ্চ মাধ্যমিক পাশ প্রয়োজন। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করতে পারবেন, তবে কোনো ক্ষেত্রেই পার্সেন্টেজ এর কোনো বাধ্যবাধকতা নেই। **ট্রেনিং চলাকালীন প্রত্যেক প্রার্থী, প্রতি মাসে স্টাইপেন্ড পাবেন ১০ হাজার টাকা এবং বাৎসরিক স্কলারশিপ পাবেন ৪০ হাজার টাকা।** ট্রেনিং চলাকালীন উভয় ক্ষেত্রেই হোস্টেল অর্থাৎ থাকা খাওয়ার সুবিধা পাবেন বিনামূল্যে (তবে হোস্টেলে থাকা বাধ্যতামূলক নয়।। সবশেষে সরকারি স্বীকৃত সংস্থায় স্থায়ী চাকরিতে যোগদান করানো হবে এবং তখন পাবেন **প্রতি মাসে ৪০ থেকে ৪৫ হাজার টাকা** সমস্ত সুযোগ সুবিধা সহ। **নির্বাচন পদ্ধতি:** 'কম্পিউটার-বেসড টেস্ট' পদ্ধতিতে প্রবেশিকা পরীক্ষা এর ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। সিলেবাস ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। **পশ্চিমবঙ্গে পরীক্ষার সেন্টারগুলি পাবেন: কলকাতা, মেদিনীপুর, বর্ধমান, মালদা ও শিলিগুড়িতে।** ফল প্রকাশিত হবে অফিসিয়াল ওয়েবসাইটে, প্রার্থী তার নিজের অ্যাপ্লিকেশন নম্বর এবং জন্ম তারিখ দিয়ে অনুসন্ধান করে রেজাল্টের বিবরণ দেখতে পারবেন। **আবেদন প্রক্রিয়া:** অনলাইনে আবেদনের জন্য এই ওয়েবসাইটে **www.gnim.org**-লগইন করে **'Apply here'** এ ক্লিক করুন। তারপর ব্যাচ নম্বর **'AD/2026/11'** ও ক্যাটাগরি: **INFORMATION TECHNOLOGY** সিলেক্ট করে আপনার পছন্দের পদ-টি নির্বাচন করুন। ফর্মটি পূর্ণ করার পর সবশেষে অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশন ফিস জমা দিয়ে রেজিস্টার্ড ইমেইল থেকে আপনার আবেদন পত্রটি প্রিন্ট করুন। একজন প্রার্থী একাধিক পদের জন্য আলাদা আলাদা ভাবে অ্যাপ্লিকেশন করতে পারবেন, সে ক্ষেত্রে সেই প্রার্থী আলাদা আলাদা পদের পরীক্ষা দেওয়ার সুযোগ পেতে পারেন। **অনলাইনে আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: 30-শে নভেম্বর 2026** পর্যন্ত। কবে, কোথায়, কখন, 'প্রবেশিকা পরীক্ষা' হবে তা ইমেইল এবং এসএমএস এর মাধ্যমে এডমিট কার্ড পাঠিয়ে প্রার্থীদের জানানো হবে। যেকোনো বিষয়ে আরো জানার প্রয়োজন হলে 'ফোন অথবা হোয়াটস্যাপ করুন সকাল 10টা থেকে বিকাল 4 টার মধ্যে শনিবার, রবিবার ও অন্যান্য ছুটির দিন বাদ দিয়ে, এখানে উল্লেখিত 'District Candidate Service Point' (DCSP) কেন্দ্রগুলিতে। কেন্দ্রগুলি হল (1) কলকাতা-6290-23-7794 যদি আপনার জেলার 'DCSP' কেন্দ্রে পরিষেবা পেতে ব্যর্থ হন, সে ক্ষেত্রে যে কোনো প্রার্থী সংশ্লিষ্ট রাজ্যের রিজিওনাল ব্রাঞ্চে ফোনের মাধ্যমে বা সরাসরি অফিসে গিয়ে ও অভিযোগ জানাতে পারেন। পশ্চিমবঙ্গ এবং সিকিম রাজ্যের জন্য রিজিওনাল ব্রাঞ্চের ঠিকানা: 'GNIM Kolkata Regional Branch, EP Block, Sector V, Bidhannagar, Kolkata-700091'. Contact No: 9093085089.

বিজ্ঞাপন

রেলে এ বছর প্রায় ১ লাখ নিয়োগের বিজ্ঞপ্তি ইতিমধ্যেই বেরিয়েছে

১,২১৫ জন স্টেশন মাস্টার নিয়োগ করবে ভারতীয় রেল

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ গত বছরের শুরুতে ঘোষণা করেছিলেন, এবার থেকে রেলের সব ধরনের নিয়োগ একদম মাস ধরে চলবে। প্রত্যেক বছর ইউ.পি.এস.সি বা এস.এস.সি 'Exam Calender' বের করে ও সেই অনুযায়ী সারা বছর ধরে নিয়োগ করে। সেইমতো গত ২ বছর ধরে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডও 'Exam Calender' ধরে বছরে প্রতিটি পরীক্ষা নিচ্ছে, ঠিকমতো সময়ে প্রতিটি পার্টের ফলাফল বের করছে আর নিয়মিত চূড়ান্ত নিয়োগ করছে। এবছর এখনো পর্যন্ত ৮টি নিয়োগের বিজ্ঞপ্তি বেরিয়েছে। অর্থাৎ, 'রেল এখন একদম ঠিক টাইমে চলছে! একটুও লেট হচ্ছে না'। তাই বুদ্ধি করে রেলের এইসব পরীক্ষায় নিয়মিত প্রস্তুতি নিয়ে আবেদন করলে বছরে 'সিক্স ডিজিট স্যালারি'র চাকরি পাওয়া আর কোনো অলীক স্বপ্ন নয়। যে কোনো রেল স্টেশনের সর্বোচ্চ দায়িত্ব থাকে স্টেশন মাস্টারের ওপর। তাই তার পে স্কেলও যথেষ্ট আকর্ষণীয়। ঠিক কী ধরনের প্রস্তুতি নিলে এই ধরনের 'প্রিমিয়াম জব' পাবেন, তা নিয়ে আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (RRB) প্রকাশিত CEN 08/2026 বিজ্ঞপ্তি অনুযায়ী এবারের স্টেশন মাস্টার পদের ১২১৫টি শূন্যপদের নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ পৃথকভাবে আর নতুন সিলেবাস ও এক্সাম প্যাটার্নে সম্পন্ন হবে। কয়েক মাসের মধ্যে স্টেশন মাস্টার নিয়োগের জন্য কম্পিউটার ভিত্তিক পরীক্ষা (CBT) হবে। ২০ থেকে ৩৩ বছরের মধ্যে গ্রাজুয়েট চাকরি প্রার্থীরা আবেদন করতে পারবেন।

গুরুত্বপূর্ণ তারিখ :

আবেদন শুরুর তারিখ: ২৭ অক্টোবর, ২০২৬।

আবেদনের শেষ তারিখ: ২৫ নভেম্বর, ২০২৬ (রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত করা যাবে)।

আবেদন ফি জমা দেওয়ার শেষ তারিখ: ২৭ নভেম্বর, ২০২৬।

আবেদনপত্র সংশোধন বা মডিফিকেশন উইন্ডো: ২৮ নভেম্বর থেকে ৭ ডিসেম্বর, ২০২৬।

পরীক্ষার আনুমানিক সময়কাল: ২০২৭ সালের জানুয়ারি নাগাদ কম্পিউটার ভিত্তিক পরীক্ষা (CBT) শুরু হতে পারে।

যে ভাবে আবেদন করবেন —

আগ্রহী প্রার্থীদের সম্পূর্ণ অনলাইন মোডে আবেদন করতে হবে। প্রথমে রেলওয়ের কেন্দ্রীয় অফিশিয়াল অ্যাপ্লিকেশন পোর্টাল rrbapply.gov.in -এ যান। আপনি যদি আগে কখনও আরআরবি বোর্ড আপের সময় অ্যাকাউন্ট তৈরি করে থাকেন, তবে সেই আগের আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করবেন। নতুন হলে 'Create an Account'-এ ক্লিক করে রেজিস্ট্রেশন করুন। আধার কার্ড বা DigiLocker-এর মাধ্যমে নিজের আইডি ভেরিফাই করুন। আপনার ব্যক্তিগত তথ্য, শিক্ষাগত যোগ্যতা (সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েশন) ও পছন্দের আরআরবি জোন সঠিকভাবে নির্বাচন করুন। প্রয়োজনীয় ছবি, স্বাক্ষর ও কাস্ট সার্টিফিকেট (প্রযোজ্য হলে) নির্দিষ্ট সাইজে আপলোড করুন। অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে আবেদন ফি প্রদান করুন ও সাবমিট করে কনফার্মেশন পেজটি প্রিন্ট করে রাখুন।

পরীক্ষার নতুন প্যাটার্ন —

২০২৬ সালের এই বিজ্ঞপ্তির সবচেয়ে বড়ো পরিবর্তন হলো, পুরোনো বছরের মতো এখানে কোনো CBT-1 ও CBT-2 পরীক্ষা নেই। শুধুমাত্র একটিই মাত্র কম্পিউটার ভিত্তিক পরীক্ষা বা CBT হবে।

● **প্রথম ধাপ (সিঙ্গল স্টেজ সিবিটি):** ১০০ নম্বরের পরীক্ষা, সময় ২ ঘণ্টা (১২০ মিনিট)। নেগেটিভ মার্কিং রয়েছে ১/৩ নম্বর।

● **দ্বিতীয় ধাপ (সিবিএটি):** কম্পিউটার ভিত্তিক অ্যাপটিটিউড টেস্ট বা সাইকো টেস্ট। এটি কোয়ালিফাই করা বাধ্যতামূলক।

● **চূড়ান্ত মেরিট লিস্টের ওয়েটেজ:** সিবিটি'র নম্বরের ৭০% ও সিবিএটি নম্বরের ৩০% যোগ করে ফাইনাল মেরিট তৈরি হবে।

● **পরবর্তী ধাপ:** ডকুমেন্ট ভেরিফিকেশন ও মেডিকেল পরীক্ষা। (মেডিকেল স্ট্যান্ডার্ড আবশ্যিকভাবে A-2 হতে হবে, ল্যাসিক সার্জারি করা প্রার্থীরা যোগ্য নন)।

পরীক্ষার সিলেবাস —

নতুন সিলেবাস থেকে এবার জেনারেল অ্যাওয়ারনেস (জিকে ও কারেন্ট অ্যাফেয়ার্স) বাদ দেওয়া হয়েছে ও প্রথমবারের মতো ইংরিজি comprehension যুক্ত করা হয়েছে। সিবিটি'র বিষয় ভিত্তিক সিলেবাস ও প্রশ্নের বিভাজন আলোচনা করা হলো।

● **বেসিক সায়েন্স ও গণিত :** শতাংশ, লাভ-ক্ষতি, অনুপাত ও সমানুপাত, সময় ও কার্য, সময় ও দূরত্ব, বীজগণিত, নম্বর সিস্টেম, সরলীকরণ ইত্যাদি। বেসিক সায়েন্সের জন্য পড়তে হবে পদার্থবিজ্ঞান সম্পর্কিত মৌলিক বিজ্ঞান ও বৈজ্ঞানিক নীতি।

● **ডেটা অ্যানালাইসিস ও ইন্টারপ্রিটেশন :** বিভিন্ন ডেটা সোর্স বা তথ্য বিশ্লেষণ, গ্রাফ, পাই চার্ট, চার্ট ও টেবিল থেকে তথ্য বের করা ও তার ব্যাখ্যা, ডেটা সাফিশিয়েন্সি।

● **লজিক্যাল ক্যাপাবিলিটি ও ইংলিশ রিডিং কম্প্রিহেনশন :** সাইলোগিজম, ন্যায়বিচার ও যুক্তিমূলক সমস্যা। ইংলিশ রিডিং কম্প্রিহেনশনের জন্য পড়তে হবে ইতিহাস, সমাজ, সাহিত্য, বিজ্ঞান, পরিবেশ ও প্রযুক্তি বিষয়ক প্যাসেজ বা অনুচ্ছেদ থেকে বোধগম্যতা পরীক্ষা। এছাড়া জানতে হবে মেন্টাল রিজনিং, ব্লাড রিলেশনস, কোডিং-ডিকোডিং, সিরিজ কমপ্লিশন, সম্পর্কের সনাক্তকরণ ও প্যাটার্ন চিনতে পারা, অ্যারেঞ্জমেন্ট বা আসন বিন্যাস সংক্রান্ত প্রশ্নের উত্তরগুলি। এতে রয়েছে মোট ১০০ নম্বর, সময়সীমা ২ ঘণ্টা।

সাইকো টেস্টের সিলেবাস —

আরআরবি স্টেশন মাস্টারের সাইকো টেস্ট সাধারণত ৫টি আলাদা টেস্ট ব্যাটারি নিয়ে গড়া হয়। প্রতিটি ব্যাটারিতে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রশ্নের উত্তর দিতে হয়।

● **বুদ্ধিমত্তার পরীক্ষা :** এই টেস্টে প্রার্থীর দ্রুত চিন্তা করার ক্ষমতা, সাদৃশ্য (Analogy) ও যৌক্তিক-সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা মাপা হয়। এখানে সাধারণত কিছু চিত্র বা প্যাটার্ন দেওয়া থাকে যার মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিতে হয়।

● **বাছাইকৃত মনোযোগ পরীক্ষা :** প্রার্থীর মনোযোগের স্থায়িত্ব আর দ্রুত ও নির্ভুলভাবে তথ্য খোঁজার ক্ষমতা পরীক্ষা করা হয়। এটি অনেকটা 'অ্যাড-লেটার' বা সংখ্যা ও অক্ষরের তালিকা থেকে নির্দিষ্ট মিল খোঁজার পরীক্ষা করা হয়।

● **স্পেশাল স্ক্যানিং বা স্ক্যানিক স্ক্যানিং পরীক্ষা :** রেলওয়ের সিগন্যাল ও ট্রাক সংক্রান্ত পরিস্থিতির দ্রুত ভিজ্যুয়াল মূল্যায়নের ক্ষমতা যাচাই করা হয়। কম সময়ে গ্রাফ বা ম্যাপের সঠিক পথ বা রুট খুঁজে বের করতে হয়।

● **তথ্য বিন্যাস পরীক্ষা :** এলোমেলো বা ধাপে ধাপে দেওয়া তথ্য বা নির্দেশাবলীকে সঠিক ক্রমানুসারে সাজানোর ক্ষমতা পরীক্ষা করা হয়।

● **ব্যক্তিত্ব পরীক্ষা :** এখানে প্রার্থীর মানসিক স্থিরতা, কাজের প্রতি মনোভাব, সততা ও রেলওয়ের সেফটি-ক্যাটাগরি বা নিরাপত্তা সংক্রান্ত পদের জন্য তাঁর মানসিক উপযুক্ততা যাচাই করা হয়। এই অংশে কোনো 'সঠিক বা ভুল' উত্তর থাকে না; তবে প্রার্থীর স্বাভাবিক মতামত মূল্যায়ন করা হয়।

প্রস্তুতির কৌশল—

● **সায়েন্স ও অঙ্কে জোর :** যেহেতু ৬০ নম্বর শুধু বেসিক সায়েন্স, ডেটা ইন্টারপ্রিটেশন ও ম্যাথমেটিক্স থেকে আসছে, তাই প্রতিদিন অন্তত ২ ঘণ্টা অঙ্ক ও গ্রাফ সংক্রান্ত অঙ্কের প্র্যাকটিস করুন। দশম শ্রেণীর এনসিইআরটি বা সমতুল্য বোর্ডের ফিজিক্স বই ভালো করে রিভিশন দিন।

● **ইংরিজি রিডিং কম্প্রিহেনশন :** প্রতিদিন যেকোনো ইংরিজি সংবাদপত্র বা আর্টিকেল থেকে অন্তত ২টি করে প্যাসেজ পড়ে তার সারমর্ম বোঝার ও প্রশ্ন সমাধানের অভ্যেস করুন নিয়মিতভাবে।

● **টাইম ম্যানেজমেন্ট :** ১২০ মিনিটে ১০০টি প্রশ্নের উত্তর দিতে হবে, যা যথেষ্ট সময় দেয়। তবে ডেটা অ্যানালিসিস ও রিজনিংয়ের ক্ষেত্রে নির্ভুলতা বজায় রাখা জরুরি, কারণ ভুল উত্তরের জন্য ১/৩ নম্বর কাটা যাবে। প্রতিদিন মক টেস্ট দিন। রেল, পুলিশ, ব্যাঙ্ক, কনস্টেবল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

কলকাতার ১০৫টি আইটি কোম্পানিতে

GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৩০,৯২২ চাকরি

শুরুতেই মাইনে বছরে ৫ থেকে ৬ লাখ টাকা

পল্লবী দেওয়ান, সল্টলেক : সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা TCS এর সিইও ও এমডি কে. কৃতিভাষাণ ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৯ মাসে ১৭,১১১ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৯,০৭৮ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, এখন আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন বেসড ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের এই বিভাগে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৭,০০০ থেকে ৯,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ২,০০০ থেকে ২,৫০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই।

উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৫,০০,০০০ টাকা থেকে ৬,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি ৩ মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে ২,০০০ থেকে ৩,০০০ চাকরি

আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৫ থেকে ৬ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' বেসিক ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(i) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। কিন্তু, গত কয়েক মাসে এই বিভাগে নিয়োগের ট্রেন্ড সম্পূর্ণরূপে বদলে গেছে। এখন রিক্রুটাররা খুঁজছে, তাদেরকে যাঁরা GenAI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ের সাথে অটোমেশনেও সমানভাবে দক্ষ। উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩০.১১.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে এক্ষেত্রে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। কিন্তু এখন **AI Generalist বা AI Orchestrator** হিসাবে সবচেয়ে বেশি নিয়োগ হচ্ছে। ভবিষ্যতে এই ২ পদেই শুধুমাত্র নিয়োগ হবে বলে মনে করা হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে Agentic AI আলাদাভাবে শেখানো হয়। যাতে এখানকার ছেলেমেয়েরা খুব সহজেই **'Main Agent-Sub Agent' Model** খুব সহজেই তৈরি করতে পারে। যা যেকোনো ভালো কোম্পানিতে তার নিয়োগ সুনিশ্চিত করবে। (৩) এখানে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য SEMrush বা Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৪) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation এর এমন সব ট্যুলস (Gohighlevel 1 & 2, WP Automation, E-mail Automation) শেখানো হয় জানী থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৫,০০,০০০ থেকে ৬,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৫) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৬) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৮) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৯) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১০) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১১) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১২) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৩) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৪) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

ইসরোতে ৯৭ টেকনিশিয়ান

১ পাতার পর

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স) : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। পোস্ট নং : 08.

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং) : কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট নং : 09.

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন) : ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। পোস্ট নং : 10.

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (সিভিল) : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (ও.বি.সি. ১, ই.ডব্লু.এস.১)। পোস্ট নং : 11.

সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে এইসব ট্রেডে :

সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ফিজিক্স) : অঙ্ক ও কেমিস্ট্রি সহায়ক বিষয় হিসাবে নিয়ে ফিজিক্সের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। পোস্ট কোড : 12.

সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ফাইন আর্টস-ফটোগ্রাফি /ভিশ্যুয়াল আর্টস -সিনেমাটোগ্রাফি) : ফাইন আর্টস বা, ভিশ্যুয়াল আর্টসের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১টি (তঃজাঃ)। পোস্ট কোড : 13.

টেকনিশিয়ান-বি ক্যাটেগরিতে নেওয়া হবে এইসব ট্রেডে :

ইলেক্ট্রিশিয়ান : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ২)। পোস্ট নং : 16.

কেমিক্যাল: মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল), ইন্সট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল), মেন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট), ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : 17.

ফিটার : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৮, তঃজাঃ ২, ই.ডব্লু.এস. ২)। পোস্ট নং : 18.

ইলেক্ট্রনিক মেকানিক : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। পোস্ট নং : 19.

বয়লার অ্যাটেন্ড্যান্ট : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে বয়লার অ্যাটেন্ড্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ)। পোস্ট নং : 20.

টার্নার : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে টার্নার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট নং : 21.

রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট নং : 22.

সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। পোস্ট নং : 23.

ফটোগ্রাফি /ডিজিটাল ফটোগ্রাফি : মাধ্যমিক পাশরা আই.টি.আই. /এন.টি.সি. / ন্যাক থেকে ফটোগ্রাফি বা, ডিজিটাল ফটোগ্রাফি ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)। পোস্ট নং : 24.

ফায়ারম্যান-A : মাধ্যমিক পাশরা যোগ্য। শারীরিকভাবে সক্ষম হতে হবে ও ফিজিক্যাল এন্ডিওরেন্স টেস্টে সফল হতে হবে। শূন্যপদ : ২টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। পোস্ট নং : 26.

লাইট ভেহিক্যাল ড্রাইভার-A : মাধ্যমিক পাশরা হাল্কা গাড়ি চালানোর কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। শারীরিকভাবে সক্ষম হতে হবে। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। পোস্ট নং : 27.

হেভি ভেহিক্যাল ড্রাইভার-A : মাধ্যমিক পাশরা হাল্কা গাড়ি চালানোর কাজে অন্তত ৩ বছর আর ভারি গাড়ি চালানোর কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। শারীরিকভাবে সক্ষম হতে হবে। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, ও.বি.সি.২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)। পোস্ট নং : 28.

মাল্টি টাস্কিং স্টাফ : মাধ্যমিক পাশরা যোগ্য। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। পোস্ট নং : 29.

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৯-১১-২০২৬'র হিসাবে। পোস্ট কোড ৭ থেকে ২৫, ২৭, ২৮ থেকে ৩০নং পোস্ট কোডের বেলায় ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে আর ২৬ থেকে ২৯ নং পোস্ট কোডের বেলায় ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মী, বিধবা বা, বিবাহ -বিচ্ছিন্না মহিলারা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাই নে — টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট পদে ৭১,৮৪০ টাকা। টেকনিশিয়ান-বি ও ড্রাফটসম্যান-বি পদে ৩৪,৭২০ টাকা, ফায়ারম্যান, লাইট ভেহিক্যাল ড্রাইভার ও হেভি ভেহিক্যাল ড্রাইভার পদে ৩১,৮৪০ টাকা, মাল্টি টাস্কিং স্টাফ পদে ২৮,৮০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : SDSC SHAR / RMT / 03/ 2026, Dated 19-10-2026.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট -এ, টেকনিশিয়ান -বি ও ড্রাফটসম্যান -বি পদের বেলায় ৮০ নম্বরের ৮০টি প্রশ্ন হবে। সময় থাকবে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় সফলদের ১০০ নম্বরের স্কিল টেস্ট হবে। এম.টি.এস. পদের বেলায় ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : নিউমেরিক্যাল অ্যান্ড ম্যাথমেটিক্যাল এবিলিটি, রিজনিং এবিলিটি ও প্রবলেম সলভিং, জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন। সময় থাকবে ৯০ মিনিট। অন্যান্য পদের বেলায় পরীক্ষা সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে পাবেন। পরীক্ষা হবে কলকাতা, পটনা, গুয়াহাটি, ভুবনেশ্বর। পরীক্ষার বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://shar.gov.in, https://apps.shar.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, কাস্ট সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন স্ক্যান করা যাবতীয় তথ্য আপলোড করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ পোস্ট কোড ৭নং থেকে ১৫নং কোডের বেলায় ৭৫০ টাকা (লিখিত পরীক্ষা দিলে তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের বেলায় ৭৫০ টাকা আর অন্যান্যদের বেলায় ৫০০ টাকা ফেরৎ পাবেন) আর পোস্ট কোড নং ১৬ থেকে ৩০নং কোডের বেলায় ৫০০ টাকা (লিখিত পরীক্ষা দিলে তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের বেলায় ৫০০ টাকা আর অন্যান্যদের বেলায় ৪০০ টাকা ফেরৎ পাবেন) অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কনস্টেবল মেন পরীক্ষা

১ পাতার পর

থেকে ১টা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://prb.wb.gov.in

৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি - ১০ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) -২৫ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস -২৫ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে।

বিষয় : PSC আয়োজিত পরীক্ষাগুলির প্রস্তুতিপর্ব



টি. কে. মিত্র

বর্তমানে WBPSC-এর মাধ্যমে বিভিন্ন পদে নিয়োগের বিজ্ঞপ্তি আসতে চলেছে। আমাদের রাজ্যের ছেলে-মেয়েরা কোমর বাঁধছে এসমস্ত পরীক্ষাগুলিতে বসবার জন্য। রাজ্যে দীর্ঘদিন নিয়োগের খরা থাকায় রাজ্যের ছেলে-মেয়েদের মধ্যে একটি চাকরি প্রাপ্তির প্রত্যাশার পারদ বর্তমানে সপ্তমে উঠেছে। PSC- এর বিভিন্ন পরীক্ষাগুলির জন্য গুছিয়ে প্রস্তুতি শুরু করার এটাই সঠিক সময়। প্রস্তুতির যথার্থ রূপরেখার সুলুক-সন্ধানে কলম ধরলেন 'ক্যাসেস এডুকেশন', শিয়ালদহের মাননীয় অধ্যক্ষ টি. কে. মিত্র মহাশয়। খবরে প্রকাশ, একে-একে আসতে চলেছে একাধিক নিয়োগের বিজ্ঞপ্তি। সর্বোচ্চ WBCS থেকে সর্বনিম্ন Clerkship অবধি। আমি মূলতঃ প্রশাসনিক বিভিন্ন পদের পরীক্ষাগুলির উপর আলোকপাত করছি। রাজ্যের সেরা চাকরি WBCS মূলতঃ তিনটি পর্যায়ে হয়ে থাকে (প্রিলি, মেইনস ও ইন্টারভিউ)। এখন এই একটি পরীক্ষার প্রস্তুতি নিতে পারলেই সহযোগী একাধিক পরীক্ষার (মিসলেনিয়াস, ICDS, MVI, IDO, স্কুল SI, পঞ্চায়েত,ক্লার্কশিপ ইত্যাদি) প্রস্তুতি সুসম্পন্ন হয়ে থাকে। এখন সকলে WBCS পরীক্ষায় সফল না হলেও প্রিলিমস ও মেইনসের ষোল আনা প্রস্তুতি থাকলেই উপরোক্ত পরীক্ষাগুলিতে সাফল্য লাভ সুনিশ্চিত। PSC-এর বিভিন্ন পরীক্ষাগুলিতে যেহেতু ডেসক্রেপটিভ পার্টও আছে, তাই প্রিলিমস ও মেইনসের প্রস্তুতি একই সাথে শুরু করতে হবে। বিশেষ করে মিসলেনিয়াস, ICDS, ক্লার্কশিপ, পঞ্চায়েত ইত্যাদি পরীক্ষাগুলিতে ডেসক্রিপটিভ (বাংলা ও ইংরাজি) বিষয়টির গুরুত্ব সমধিক। রাজ্যের বিষয়সমূহ, আর্টস অ্যান্ড কালচার, পশ্চিমবঙ্গের প্রতিবেশি রাজ্য ও রাষ্ট্রসমূহ, সমসাময়িক বিবিধ ঘটনাপ্রবাহ প্রভৃতি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। নেগেটিভ মার্কিং আছে তাই আন্দাজে উত্তর দানের প্রবণতা ত্যাগ করতে হবে। বর্তমানে এসএমএস এর যুগে বিস্তারিত লেখার প্রবণতা উঠে গেছেই বলা চলে। কিন্তু PSC এর পরীক্ষায় সফল হতে গেলে ডেসক্রিপটিভ পার্টে মুন্সিয়ানা দেখাতেই হবে। বিশেষ করে বাংলা লেখায় যাঁদের অ্যালার্জি আছে তাঁদের এখন থেকেই বাংলা ভাষার চর্চা ও লেখা অনুশীলন করতেই হবে। প্রিলিতে সফল হলেও মেইনসে সফল হতে না পারলে চূড়ান্ত সাফল্য লাভ সম্ভব নয়। IDO, MVI, স্কুল SI ও কন সহায়ক— এই পরীক্ষাগুলিতে যেহেতু ডেসক্রিপটিভ পার্ট নেই, তাই সিঙ্গেল স্টেজ পরীক্ষা গুলিতেই (MCQ প্যাটার্ন) প্রতিযোগিতা হবে তীব্র। তাই এই পরীক্ষাগুলিতে উত্তীর্ণ হতে গেলে অবজেকটিভ ইংরাজি, অঙ্ক, জি.কে., জি.আই ও কারেন্ট অ্যাফেয়ার্সে স্ট্রং হতেই হবে। নিয়মিত অনুশীলন, মক্‌টেষ্ট, ডাউট ক্লিয়ারিং, কোচিং, শর্ট-কাট মেথড এগুলি প্রস্তুতিরই অঙ্গ, তাই এসকল বিষয়ে স্বল্প পরিসরে আর বিস্তারিত ব্যাখ্যায় যাওয়া সম্ভব হল না। এসকল এবং সামগ্রিকভাবে কারো মনে কোনো অনুসন্ধিৎসা থাকলে অবশ্য নিম্নোক্ত প্রতিষ্ঠানে যোগাযোগ করতে পারেন। তবে পরিশেষে একটি কথা বলব, PSC ওরিয়েন্টেড পরীক্ষাগুলিতে বসলে UPSC ছাড়া অন্য কোনো পরীক্ষায় বসা সমিচীন নয়।


সৌজন্যে : CACES EDUCATION, 35 APC Road, শিয়ালদহ, কলি-9, WAPP = 9062756906, 9123325910.

A reputed Educational Institute is hiring
ADMISSION COUNSELLORS
at centers in
Thakurpukur, Kakdwip, Midnapore, Sonarpur, Piyali, Bardhaman, Siliguri and Diamond Harbour
You need a college degree & 2 to 5 years of counselling/admissions experience
Local candidates get priority.
Send your resume within 7 days to
contact@tnu.in or call (M) 7044446888

কলকাতা পুলিশে ৫,৮৯৩

১ পাতার পর

ছেলেমেয়েরা ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে বয়স থাকলে কনস্টেবল ও লেডি কনস্টেবল পদের জন্য আবেদন করতে পারেন। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২০ থেকে ৩২ বছরের মধ্যে বয়স থাকলে সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদের জন্য আবেদন করতে পারেন। অন্যদিকে, রাজ্য পুলিশে প্রায় ৯ হাজার কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এ মাসের শেষে কিংবা ডিসেম্বরের প্রথমেই বেরোবে।

তুলসীর সরকারি চাকরির সেরা বই

TULSHIR WB PSC CLERKSHIP HANDBOOK (PRELIMINARY & MAINS) COMBINED
₹ : 550
Tulshi Publishing
9903210844 /8100480354

তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট
৮০জি ধারায় আয়কর মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান।
১৯৮১ সালে প্রতিষ্ঠিত ঐতিহ্যমন্ডিত, প্রাচীন ও বিশ্বস্ত পূর্ব ভারতে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান
প্রতিষ্ঠাতা আচার্য ভবদেব (প্রাক্তন সিভিল সার্ভেন্ট), প্রবাদ প্রতিম অফিসার-কাম প্রফেসর

IAS, IPS, WBCS, SI, Police etc.
সকল প্রকার ইন্টারভিউয়ের প্রস্তুতি করানো হয়।
কলকাতা পুলিশে ৫,৮৯৩ কনস্টেবল, SI ও সার্জেন্ট
রাজ্য পুলিশে ৯০০০ কনস্টেবল
পঞ্চায়েতে ৭,১১৯ চাকরি
স্কুল সার্ভিসের 'টেট'
রেলে কয়েক হাজার ক্লার্ক, গ্রুপ 'ডি'
স্কুলে প্রায় ৫ হাজার গ্রুপ 'ডি'
ভর্তি শুরু হয়েছে। ২২ নভেম্বর থেকে ক্লাস শুরু।
পি.এস.সি'র ক্লার্কশিপ পরীক্ষার মাধ্যমে
রাজ্যে ৬,০০০ ক্লার্ক
শেষ মুহূর্তের শর্ট টার্ম ক্র্যাশ কোর্সে ভর্তি হয়ে নিশ্চিত সফল হন
অনলাইন / অফলাইন / রেকর্ডেড ক্লাস
অভিজ্ঞ ট্রেনার দ্বারা মাঠ পরীক্ষার ট্রেনিং দেওয়া হয়
তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি আর সংখ্যালঘুদের ভর্তিতে বিশেষ ছাড়
এখানকার কোচিং প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের সাফল্য 100%
আশ্রমিক কার্যালয় — তাহেরপুর (নদিয়া)
: 7908145140, 8536920172, 9474764885, 8002380081
আমাদের দেখুন ইউ টিউব ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রাম, টেলিগ্রাম
kabita kutir Ashramic Institute-Achariya Bhabadeb
kabitakutir.website2.me

গত সপ্তাহের পর

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

২ আগস্ট : বিশ্বের প্রথম রোবোটিক সিস্টেমিক অ্যাট্রিওভেন্ট্রিকুলার ভালভ প্রতিস্থাপন অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন হল দিল্লির 'সফদরজং হাসপাতাল'এ। বিরল জন্মগত হৃদরোগে (ccTGA ও ডেক্সট্রোকার্ডিয়া) আক্রান্ত এক প্রাপ্তবয়স্ক রোগীর ক্ষেত্রে বাম দিকে বিশেষ রোবোটিক পদ্ধতি ব্যবহার করে ব্রেস্টবোন কাটা ছাড়াই এই বিরল ও জটিল অস্ত্রোপচার করা হয়। রোগীর হৃদপিণ্ড ডেক্সট্রোকার্ডিয়ার কারণে বুকের ডানপাশে ছিল ও হৃদযন্ত্রের কার্যক্ষমতা কমে গিয়েছিল। এই পদ্ধতিতে বুক না কেটে ছোট পোর্টের মাধ্যমে বাম দিক থেকে অত্যন্ত নিখুঁতভাবে এই অস্ত্রোপচার করা হয়। এক্ষেত্রে ত্রিমাত্রিক (৩ডি) সিটি স্ক্যান পুনর্গঠন, রোবোটিক বাহু ও হাই-ডেফিনেশন ৩ডি ভিজ্যুয়ালাইজেশন ব্যবহার করা হয়েছে।


❑ 'তাইপেই ওপন সুপার ৩০০ ব্যাডমিন্টন টুর্নামেন্ট'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের তানভি শর্মা।

❑ 'বন ওপন'এ ডাবলস শিরোপা জিতলেন ভারতীয় জুটি রামকুমার রামনাথন ও বিজয় সুন্দর প্রশান্ত।

৩ আগস্ট : 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন মনীষা চক্রবর্তী।

❑ 'সেবি'র এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে দায়িত্ব নিলেন প্রশান্ত মহাপাত্র।

❑ ২০২৬ সালের মর্যাদাপূর্ণ 'সিওএসপিএআর বিক্রম সারাভাই পদক' পেলেন ভারতীয় জ্যোতির্পদার্থবিজ্ঞানী অন্নপূর্ণি সুব্রমনিয়াম। প্রথম ভারতীয় মহিলা বিজ্ঞানী ও সামগ্রিকভাবে চতুর্থ ভারতীয় হিসাবে এই পদক পেলেন তিনি। উন্নয়নশীয় দেশের মহাকাশ গবেষণায় অসামান্য অবদানের জন্য এই আন্তর্জাতিক সম্মান পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, এখন বেঙ্গালউরুর 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ অ্যাস্ট্রোফিজিক্স'এর ডিরেক্টর হিসাবে দায়িত্ব পালন করছেন তিনি।



মাত্র ১৮ বছর ৩৪৬ দিন বয়সে বিশ্বের কনিষ্ঠতম পুরুষ অধ্যাপক হিসাবে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস'এ নাম তুললেন ফ্লোরিডার কিশোর নাথান থমাস। এই কৃতিত্বের মাধ্যমে ৩০৬ বছরের পুরনো রেকর্ড ভেঙেছেন তিনি। এর আগে ১৭১৭ সালে মাত্র ১৯ বছর বয়সে অধ্যাপক হয়ে এই রেকর্ড গড়েছিলেন স্কটিশ গণিতবিদ কলিন ম্যাকলরিন। 'মিয়ামি ডেড কলেজ'এ একজন ইঞ্জিনিয়ারিং প্রশিক্ষক হিসাবে যোগ দিয়েছেন নাথান, যেখানে তিনি প্রায় তাঁরই সমবয়সী ছাত্রদের পড়াচ্ছেন।

❑ ব্যাঙ্কিং পরিষেবায় এক মাইলফলক অর্জন করেছে ভারত। দেশের জনবসতিপূর্ণ গ্রামগুলির মধ্যে ৯৯.৯২ শতাংশেরই ৫ কিলোমিটারের মধ্যে কোনো না কোনো ধরনের ব্যাঙ্ক শাখা রয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রকের প্রকাশিত তথ্য অনুযায়ী, জনবসতিপূর্ণ ৬,০১,৩২৮টি গ্রামের মধ্যে ৬,০০,৮৬৮টি গ্রামে এখন ব্যাঙ্ক শাখা রয়েছে, যেখানে ব্যবসায়িক প্রতিনিধি বা ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্কের পরিষেবা পৌঁছে দেওয়া হচ্ছে। এবছরের ১৭ জুলাই পর্যন্ত, ভারতে ১.৮১ লাখেরও বেশি ব্যাঙ্ক শাখা, ১৭.৩৬ লাখ ব্যবসায়িক প্রতিনিধি ও ১.৬৫ লাখ ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক কেন্দ্র রয়েছে। 'প্রধানমন্ত্রী জনধন যোজনা'য় এখন ৫৮.৭৭ কোটি অ্যাকাউন্ট রয়েছে, যাতে জমা টাকার পরিমাণ ৩.১২ লাখ কোটি টাকারও বেশি।


❑ ভারতের ১০১ তম রামসর সাইট হিসাবে স্বীকৃতি পেল অরুণাচল প্রদেশের 'গ্ল লেক'। এটি অরুণাচল প্রদেশের প্রথম রামসর সাইট। লোহিত জেলার কামলাং টাইগার রিজার্ভের মধ্যে অবস্থিত এই মিষ্টি জলের হ্রদটি পূর্ব হিমালয়ের একটি গুরুত্বপূর্ণ জীববৈচিত্র্য ক্ষেত্র। এই স্বীকৃতির ফলে জীববৈচিত্র্য সংরক্ষণ, জলবায়ু পরিবর্তনের মোকাবিলা, জলসম্পদের সুরক্ষা ও স্থানীয় মানুষের টেকসই জীবিকার উন্নয়নে নতুন সুযোগ তৈরি হবে।

৪ আগস্ট : খাদ্য নিরাপত্তা ও জনস্বাস্থ্যের কথা বিবেচনা করে রাজ্যজুড়ে ১ বছরের জন্য সব ধরনের 'অ্যানালগ' বা কৃত্রিম পনিরের উৎপাদন, মজুত, পরিবহণ, বিতরণ ও বিক্রির ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করল মহারাষ্ট্র সরকার। হোটেল, রেস্তরাঁ ও ক্লাউড কিচেনগুলিতেও এটি ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। এর অন্যথা হলে ৬ মাসের কারাদণ্ড ও ১ লাখ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

'স্ট্রিং থিওরি' খ্যাত অশোক সেন 'অস্কার ক্লেইন' পদক পেলেন



❑ ২২ অক্টোবর, প্রথম ভারতীয় পদার্থবিদ হিসাবে, 'অস্কার ক্লেইন পদক'এ সম্মানিত হলেন অশোক সেন।

❑ **কেন তিনি এই পদক পেলেন :** পদার্থবিদ্যার অন্যতম জনপ্রিয় স্ট্রিং থিওরি, ব্ল্যাকহোল রহস্য নিয়ে গবেষণা করে এই স্বীকৃতি পেলেন। এখন তিনি কর্মরত 'টাটা ইনস্টিটিউট অফ ফান্ডামেন্টাল রিসার্চ'এর অধীন 'ইন্টারন্যাশনাল সেন্টার ফর থিওরেটিক্যাল সায়েন্সেস'এ।

❑ **অস্কার ক্লেইন পদক :** আধুনিক পদার্থবিদ্যায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে, সুইডিশ পদার্থবিদ অস্কার ক্লেইন'এর নামে ১৯৮৮ সালে এই পদক দেওয়া শুরু হয়। এখনও পর্যন্ত মোট ৩৮ জন বিজ্ঞানী এই বিরল সম্মান পেয়েছেন। প্রতি বছর 'স্টকহোম বিশ্ববিদ্যালয়' আর 'রয়্যাল সুইডিশ আকাদেমি অফ সায়েন্সেস'এর পদার্থবিজ্ঞান বিষয়ক নোবেল কমিটি এই পদক দেয়।

❑ **এর আগে বিখ্যাত বিজ্ঞানী, যাঁরা এই পদক পেয়েছেন :** হান্স বেথ, স্টিভেন ওয়েনবার্গ, সি.এন.ইয়াং, টি.ডি. লি, এডওয়ার্ড উইটেন, ডেভিড গ্রস, অ্যালান গুথ, স্টিফেন হকিং ও পিটার হিগসের মতো পৃথিবী বিখ্যাত প্রথম সারির পদার্থবিদরা সম্মানিত হয়েছেন এই পদকে।

❑ **'স্ট্রিং থিওরি' ঠিক কী :** স্ট্রিং থিওরি হল পদার্থবিজ্ঞানের একটি তাত্ত্বিক কাঠামো, যা বলে যে আমাদের মহাবিশ্বের সব মৌলিক কণা (যেমন - ইলেক্ট্রন, কোয়ার্ক বা ফোটন) কোনো বিন্দুবৎ একক কণা নয়, বরং এগুলি অতি ক্ষুদ্র, একমাত্রিক শক্তি বা সুতোর মতো যা কম্পিত হচ্ছে - যাকে 'স্ট্রিং' বলা হয়। পদার্থবিজ্ঞানের চর্চায় পাঁচটি স্ট্রিং থিওরিকে আলাদা বলে মনে করা হত। অশোক সেন দেখিয়েছেন, সেগুলি একই মূল তত্ত্বের আলাদা আলাদা ব্যাখ্যা হতে পারে।

❑ **অশোক সেনের পাওয়া প্রধান প্রধান সম্মানগুলি :** আইসিটিপি প্রাইজ (১৯৮৯), শান্তি স্বরূপ ভাটনগর পুরস্কার (১৯৯৪), পদ্মশ্রী (২০০১), ইনফোসিস প্রাইজ (২০০৯), বেকথু প্রাইজ ইন ফান্ডামেন্টাল ফিজিক্স (২০১২), পদ্ম ভূষণ (২০১৩) ও ডিরাক পদক (২০১৪)।

বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

এশিয়ান প্যারা গেমস - ২০২৬

১৮ থেকে ২৪ অক্টোবর জাপানের আইচি-নাগোয়ায় পঞ্চম 'এশিয়ান প্যারা গেমস' অনুষ্ঠিত হয়েছে। ভারত এই প্রতিযোগিতায় সর্বকালের সেরা পারফরম্যান্স করে মোট ১১৪টি পদক জিতে পদক তালিকায় চতুর্থ স্থান পেয়েছে, যার মধ্যে ৩০টি সোনা, ৩৫টি রুপো ও ৪৯টি ব্রঞ্জ পদক।

একনজরে এবছরের 'এশিয়ান প্যারা গেমস' সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য।

❑ **আয়োজক শহর :** জাপানের আইচি-নাগোয়া।
❑ **সংস্করণ :** পঞ্চম।
❑ **মোটো :** ইমাজিন ওয়ান হার্ট।
❑ **দেশ :** ৪৫টি।
❑ **ক্রীড়াবিদ :** ২,৫৯০।
❑ **ইভেন্ট :** ১৮টি খেলায় (১৯টি বিভাগে) ৪৮৯টি ইভেন্ট।
❑ **উদ্বোধন :** ১৮ অক্টোবর।
❑ **সমাপ্তি :** ২৪ অক্টোবর।
❑ **উদ্বোধন করেছেন :** জাপানের সম্রাট নারুহিতো।
❑ **সমাপ্ত করেছেন :** 'এশিয়ান প্যারালিম্পিক কমিটি'র প্রেসিডেন্ট মাজিদ রাশেদ।
❑ **ভারতীয় অংশগ্রহণকারী :** মোট ১৬৭ জন ক্রীড়াবিদ (এর মধ্যে পুরুষ ক্রীড়াবিদ ১১১ জন ও মহিলা ক্রীড়াবিদ ৫৬ জন)।
❑ **উদ্বোধনী অনুষ্ঠানে ভারতীয় পতাকাবাহী :** প্রমোদ ভগত ও সিমরন শর্মা।
❑ **সমাপ্তি অনুষ্ঠানে ভারতীয় পতাকাবাহী :** নিশাদ কুমার ও মোনা আগরওয়াল।

খেলা অনুযায়ী ভারতের পদক তালিকা

খেলা	সোনা	রুপো	ব্রঞ্জ	মোট
প্যারা অ্যাথলেটিক্স	২২	১৯	২৪	৬৫
প্যারা সুইমিং	০	৩	৮	১১
প্যারা টেবল টেনিস	০	০	৭	৭
প্যারা শুটিং	২	২	১	৫
প্যারা জুডো	০	১	১	২
প্যারা পাওয়ারলিফটিং	০	২	০	২
প্যারা আর্চারি	৩	৩	০	৬
প্যারা ব্যাডমিন্টন	৩	৫	৮	১৬
মোট	৩০	৩৫	৪৯	১১৪

২০২৬ এশিয়ান প্যারা গেমসের শীর্ষ ১০ দেশের পদক তালিকা

র‍্যাঙ্ক	দেশ	সোনা	রুপো	ব্রঞ্জ	মোট
১	চিন	২০৭	১১৭	১১১	৪৩৫
২	জাপান	৬৪	৬০	৬২	১৮৬
৩	উজবেক-ই-স্তান	৪৫	৪৯	৫১	১৪৫
৪	**ভারত**	**৩০**	**৩৫**	**৪৯**	**১১৪**
৫	কোরিয়া প্রজাতন্ত্র	২৯	৩৮	৩৩	১০০
৬	ইসলামি প্রজাতন্ত্র ইরান	২৬	৩৬	৪০	১০২
৭	তাইল্যান্ড	১৯	৪০	৬৬	১২৫
৮	ইন্দোনেশিয়া	১৫	২১	৩৭	৭৩
৯	কাজাখ-ই-স্তান	১২	১৬	২২	৫০
১০	সৌদি আরব	৮	৮	১	১৭

আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় ব্যবহৃত 'প্যারা' শব্দটির উৎপত্তি

❑ এশিয়ান প্যারা গেমস, প্যারালিম্পিক বা যেকোনো প্যারা-স্পোর্টসের ক্ষেত্রে ব্যবহৃত 'প্যারা' শব্দটি মূলত গ্রিক শব্দ ও এর অর্থ হল 'সমান্তরাল' বা 'পাশাপাশি'। অর্থাৎ, এই খেলাগুলি মূল ধারার প্রতিযোগিতার (যেমন - অলিম্পিক বা এশিয়ান গেমস) পাশাপাশি সমান্তরালভাবে অনুষ্ঠিত হয়।

'প্যারা' শব্দটির প্রাথমিক সূচনা

❑ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ১৯৪৮ সালে যুক্তরাজ্যে চিকিৎসাধীন যুদ্ধে আহত ও মেরুদণ্ডে আঘাত পাওয়া সেনাদের পুনর্বাসনের জন্য স্যার লুডউইগ গুটম্যান 'স্টোক ম্যান্ডেভিল গেমস' নামে একটি প্রতিযোগিতার সূচনা করেন।

❑ ১৯৬০ সালে ইতালির রোমে যখন প্রথম এই ধরনের আন্তর্জাতিক গেমস আয়োজিত হয়, তখন 'Paraplegic' (পক্ষাঘাতগ্রস্ত) ও 'Olympics' শব্দদু'টিকে মিলিয়ে 'Paralympics' শব্দটি তৈরি করা হয়েছিল। সেসময় মূলত হুইলচেয়ার ব্যবহারকারী ক্রীড়াবিদ'রাই এই ধরনের প্রতিযোগিতায় অংশ নিতেন।

'প্যারা' শব্দটির আধুনিক ব্যাখ্যা ও বিবর্তন

❑ পরে ১৯৭৬ সালের গেমস থেকে শুধুমাত্র পক্ষাঘাতগ্রস্ত নয়, বরং অন্যান্য বিভিন্ন ধরনের শারীরিক ও দৃষ্টিহীন প্রতিবন্ধী ক্রীড়াবিদরাও এই প্রতিযোগিতায় অংশ নেওয়া শুরু করেন। তখন 'আন্তর্জাতিক প্যারালিম্পিক কমিটি' শব্দটির অফিসিয়াল সংজ্ঞা বা ব্যাখ্যা পরিবর্তন করে।

❑ তারা গ্রিক 'প্যারা' শব্দটি ব্যবহার করে এর নতুন অর্থ তৈরি করে। এর মূল উদ্দেশ্য ছিল - (১) এই প্রতিযোগিতাটি মূল অলিম্পিক বা এশিয়ান গেমসের সমান মর্যাদাসম্পন্ন ও সমান্তরাল একটি ক্রীড়া আন্দোলন হিসাবে সবার চোখে তুলে ধরা। (২) সাধারণত মূল গেমস শেষ হওয়ার কয়েক সপ্তাহের মধ্যেই, একই আয়োজক শহরে বা একই স্থানে এই গেমসগুলি হয়ে থাকে।

(৩) এই সমান্তরাল ধারণার ওপর ভিত্তি করেই পরে মূল ধারার এশিয়ান গেমসের পাশাপাশি, বিশেষভাবে সক্ষম ক্রীড়াবিদদের জন্য 'এশিয়ান প্যারা গেমস' ও সাধারণ অ্যাথলেটিক্সের পাশাপাশি 'প্যারা অ্যাথলেটিক্স' শব্দগুলির উৎপত্তি হয়েছে।

নেভিতে ২১০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

শূন্যপদ : ১২টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

ইলেক্ট্রনিক্স মেকানিক : আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

ফিটার : আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২৪টি (জেনাঃ১১, ও.বি.সি.৮, তঃজাঃ৩, তঃউঃজাঃ ২)।

ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স : আই.টি.আই. থেকে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম মেন্টেন্যান্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১)।

ইন্সট্রুমেন্ট মেকানিক : আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

মেশিনিস্ট : আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

মেকানিক ডিজেল : আই.টি.আই. থেকে মেকানিক ডিজেল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)।

মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স : আই.টি.আই. থেকে মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

মেকানিক মোটর ভেহিক্যাল : আই.টি.আই. থেকে মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. : আই.টি.আই. থেকে মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৬টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

পেইন্টার (জেনারেল) : আই.টি.আই. থেকে পেইন্টার জেনারেল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১)।

পাইপ ফিটার : আই.টি.আই. থেকে প্লাম্বার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১)।

টেলর (জেনারেল) : আই.টি.আই. থেকে সিউয়িং টেকনোলজি বা, ড্রেস মেকিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

শিট মেটাল ওয়ার্কার : আই.টি.আই. থেকে শিট মেটাল ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

মেরিন ইঞ্জিন ফিটার : আই.টি.আই. থেকে মেরিন ইঞ্জিন ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

মেকানিক (এম্বেডেড সিস্টেম অ্যান্ড প্রোগ্রামেবল লজিক কন্ট্রোলার) (পি.এল.সি.) : সংশ্লিষ্ট ক্ষেত্রে বোর্ড বেসড বেসিক ট্রেনিং করে থাকলে যোগ্য। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স : আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, মেকানিক কনজিউমার ইলেক্ট্রনিক অ্যাপ্লায়েন্সেস, টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক্স সিস্টেম ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

মেকানিক মেকাট্রনিক্স : আই.টি.আই. থেকে মেকানিক মেকাট্রনিক্স, মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

অপারেটর অ্যাডভান্সড মেশিন টুল : আই.টি.আই. থেকে অপারেটর অ্যাডভান্সড মেশিন টুল, মেশিনিস্ট, টার্নার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

শিপরাইট উড : আই.টি.আই. থেকে কার্পেন্টার, উড ওয়ার্ক টেকনিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)।

ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) : আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)।

টিগ / মিগ ওয়েল্ডার : সংশ্লিষ্ট ক্ষেত্রে বোর্ড বেস বেসিক ট্রেনিং করে থাকলে যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃজাঃ ১)।

২ বছরের ট্রেনিং হবে এইসব ট্রেডে :

শিপরাইট স্টিল : আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

ক্রেন অপারেটর ওভারহেড (স্টিল ইন্ডাস্ট্রি) (১৫ মাস) : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

ফোর্জার অ্যান্ড হিট ট্রিটার : মাধ্যমিক পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

রিগার : ক্লাস এইট পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

গোয়ার ন্যাভাল এয়ারক্র্যাফট ইয়ার্ডে (দাবোলিম) শূন্যপদ আছে ৩০টি। কারা কোন ট্রেডে যোগ্য :

ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) : আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

মেশিনিস্ট : আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি।

পেইন্টার (জেনারেল) : আই.টি.আই. থেকে পেইন্টার জেনারেল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

শীট মেটাল ওয়ার্কার : আই.টি.আই. থেকে শীট মেটাল ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

ইন্সট্রুমেন্ট মেকানিক / মেকানিক ইন্সট্রুমেন্ট এয়ারক্র্যাফট : আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

ইলেক্ট্রিশিয়ান / ইলেক্ট্রিশিয়ান এয়ারক্র্যাফট : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১০টি।

কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

ইলেক্ট্রনিক্স মেকানিক / মেকানিক র‍্যাডার অ্যান্ড রেডিও এয়ারক্র্যাফট : আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক, মেকানিক কনজিউমার ইলেক্ট্রনিক অ্যাপ্লায়েন্স, টেকনিশিয়ান পাওয়ার ইলেক্ট্রনিক্স সিস্টেম, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১০টি।

ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি মেন্টেন্যান্স : আই.টি.আই. থেকে ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি মেন্টেন্যান্স, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম মেন্টেন্যান্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

শিপরাইট উড : আই.টি.আই. থেকে কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

ওপরের সব ক্ষেত্রে মাধ্যমিকে অন্তত ৫০% নম্বর আর আই.টি.আই. কোর্সে অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১২-৪-২০২৭'এর হিসাবে ন্যূনতম ১৪ বছর। সর্বাধিক বয়সের কোনো কড়াকড়ি নেই। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫০ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা ও অন্তত ৪৫ কেজি ওজন। দৃষ্টিশক্তি দরকার দু'চোখে ৬/৬ থেকে ৬/৯। ১৯৬১ সালের অ্যাপ্রেন্টিসেস আইন অনুযায়ী ১.থেকে ২ বছরের ট্রেনিং। যাঁরা আগে কোনো সরকারি, আধা-সরকারি বা, বে-সরকারি সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা, নিচ্ছেন, তাঁরা আবেদনের যোগ্য নন। স্টাইপেন্ড ৩,৪০০, ৪,১০০, ৬,৮০০, ৭,৪৮০, ৮,২০০, ৯,০২০, ৯,৬০০ টাকা। ছেলেদের হস্টেল আছে। ট্রেনিং শুরু আগামী বছর ১ এপ্রিল। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি মেরিট লিস্ট বেরোবে। তারপর মোট শূন্যপদের ২০ গুণ প্রার্থীকে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। সবশেষে ডাক্তারি পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন।

প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.gov.in এজন্য পাশপোর্ট মাপের রঙিন ফটো, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা, আধার কার্ড, জন্ম-তারিখ ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তারপর ওই দরখাস্ত ডাকে পাঠাতে হবে ৯ নভেম্বরের মধ্যে। তখন সঙ্গে দেবেন : বয়স, শিক্ষাগত যোগ্যতা, আধার কার্ড, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে। এই ঠিকানায় : The Officer -In Charge, Dockyard Apprentice School, Naval Dockyard, Naval Base, Karwar, Karnataka-581 308.

কেন্দ্রে ৩২৭ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

বায়োটেকনোলজির ডিগ্রি (বি.টেক. বা, বি.ই.) কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৬০টি (জেনাঃ ২৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৬)।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ফিনান্স) : কমার্স শাখার গ্র্যাজুয়েটরা ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টিংয়ের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা সি.এ. ইন্টারমিডিয়েট / সি.এম.এ. ইন্টারমিডিয়েট কোর্স পাশ হলেও যোগ্য। অন্তত ৩ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং) সিভিল : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ২২টি (জেনাঃ ১০, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি.৬, ই.ডব্লু.এস. ২)।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং) ইলেক্ট্রিক্যাল : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং) মেকানিক্যাল : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

জুনিয়র এক্সিকিউটিভ (জেনারেল) : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার অ্যাপ্লিকেশন, এম.এস. অফিস সংক্রান্ত কাজে জ্ঞান থাকলে যোগ্য। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,০০০-৯৩,০০০ টাকা। শূন্যপদ : ৭৮টি (জেনাঃ৩৯, তঃজাঃ৭, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২৬, ই.ডব্লু.এস. ৭)।

জুনিয়র এক্সিকিউটিভ (টেকনিক্যাল) : অ্যাগ্রিকালচার, বটানি, জুলজি, বায়োটেকনোলজি, মাইক্রোবায়োলজি, বায়োকেমিস্ট্রি, ফুড সায়েন্স, কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা কম্পিউটার অ্যাপ্লিকেশন, এম.এস. অফিস সংক্রান্ত কাজে জ্ঞান থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,০০০-৯৩,০০০ টাকা। শূন্যপদ : ৭৮টি (জেনাঃ৩২, তঃজাঃ৭, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২৬, ই.ডব্লু.এস. ৭)।

ওপরের সব ক্ষেত্রে বয়স গণতে হবে ১৫-১১-২০২৬'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CWC/I-Manpower/Dr/Rectt/2026/01, Date: 17.10.2026. প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা, হুগলি, শিলিগুড়ি, আগরতলা, গুয়াহাটিতে। তারপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন ও ইন্টারভিউ।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জেনারেল) পদের বেলায় ২৩০ নম্বরের ২০২টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস-৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, পেশাগত জ্ঞান -৬০ নম্বরের ৬০টি প্রশ্ন, ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন এবিলিটি -৩০ নম্বরের ২টি প্রশ্ন। জুনিয়র এক্সিকিউটিভ (টেকনিক্যাল) পদের বেলায় ২৩০ নম্বরের ২০২টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড- ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস-২০ নম্বরের ২০টি প্রশ্ন, পেশাগত জ্ঞান-৬৫ নম্বরের ৬৫টি প্রশ্ন, ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন এবিলিটি -৩০ নম্বরের ২টি প্রশ্ন। জুনিয়র এক্সিকিউটিভ (জেনারেল) পদের বেলায় ২৩০ নম্বরের ২০২টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড- ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, জেনারেল অ্যাওয়ারনেস-৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন এবিলিটি -৩০ নম্বরের ২টি প্রশ্ন। সময় থাকবে ৩ ঘন্টা।

নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সফল হলে এরপর হবে ৩০ নম্বরের ইন্টারভিউ ও সার্টিফিকেট ভেরিফিকেশন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.cewacor.nic.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজে হাতে লিখে স্ক্যান করে নেবেন : 'I,---- (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'. প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,৩৫০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলা হলে ৫০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

চাকরির পরীক্ষার খবরাখবর

এন.টি.পি.সি. লিমিটেডে এক্সিকিউটিভ পদে চাকরি

এন.টি.পি.সি. লিমিটেড এক্সিকিউটিভ পদে কিছু লোক নিচ্ছে। সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। দরখাস্ত করবেন অনলাইনে ১৩ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://careers.ntpc.co.in

জিও সায়েন্টিস্ট পদের ফল বেরোল

ইউ.পি.এস.সি.'র ২০২৬ সালের কম্বাইন্ড জিও সায়েন্টিস্ট পদের চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in

রেলে চাকরির ফল

ভারতীয় রেলের বিজ্ঞপ্তি নং ৭/২০২৫'এর এন.টি.পি.সি. (আন্ডার গ্র্যাজুয়েট)'এর সি.বি.টি.-।। পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.rrbapply.gov.in

ইউ.পি.এস.সি.'র ইন্টারভিউ

ইউ.পি.এস.সি.'র এনফোর্সমেন্ট অফিসার / অ্যাকাউন্ট অফিসার / এপিএফও পদের পরীক্ষায় সফলদের ইন্টারভিউ হবে ১৬ থেকে ২৭ নভেম্বর। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://upsc.gov.in

দিল্লি পুলিশ ও সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সের ফল

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের দিল্লি পুলিশ ও সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সের সাব-ইন্সপেক্টর পদের পি.ই.টি. / পি.এস.টি.'এর ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://ssc.gov.in

পুলিশে চাকরির

■ *জেল পুলিশে কনস্টেবল ও লেডি কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? — শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে ৯ হাজার কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সমীর আইচ, পূর্ব বর্ধমান।*

■■ এ মাসের শেষেই বিজ্ঞপ্তি বেরোবে।

■ *কলকাতা পুলিশের কনস্টেবল পদের মেনস পরীক্ষা কবে হবে? এই পদের নিয়োগ কি এবছরেই হবে? — তাপস গাইন, কুলডি, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ কলকাতা পুলিশের ২০২৪ সালের কনস্টেবল পদের মেনস পরীক্ষা হবে ২৯ নভেম্বর, বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://prb.wb.gov.in

পাব্লিক সার্ভিসের

■ *২০১১ সালের ইংলিশ টাইপিস্ট পদের পরীক্ষার ফল কি আদৌ বেরোবে? না বাতিল হয়েছে? — উত্তম বৈদ্য, বিহারী, ধামুয়া, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এই পরীক্ষার ফল আদৌ বেরোবে কিনা তা পি.এস.সি. কর্তৃপক্ষ সঠিক কোনো তথ্য দেয়নি। তবে এই পরীক্ষা বাতিল হয়নি।

■ *পঞ্চায়েতে যে নিয়োগ হবে, তা কি পি.এস.সি.'র মাধ্যমে হবে না, ডি.এল.এস.সি.'র মাধ্যমে হবে? — তাপস নস্কর, গড়িয়া, কলকাতা - ৮৪।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে পঞ্চায়েতে নিয়োগ হবে। শূন্যপদ আছে ৭,১১৯টি।

■ *সরকারি স্কুলের লাইব্রেরিয়ান পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? বয়স, শিক্ষাগত যোগ্যতা, সিলেবাস জানাবেন। — অরবিন্দ মন্ডল, ধামরো, লালগড়, ঝাড়গ্রাম।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মধ্যে সরকারি স্কুলের অ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান পদে নিয়োগ করা হয়। লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা আবেদনের যোগ্য। পাবলিক বা, ইনস্টিটিউশনাল লাইব্রেরিতে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। তবে নতুন নিয়মে বয়স বাড়তে পারে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে স্ক্রিনিং টেস্ট হয়।

■ *পি.এস.সি.'র ক্লার্কশিপ পদের জন্য কোনো লিখিত পরীক্ষা হবে, না সরাসরি নিয়োগ হবে? — কুন্তল ঘোষ, বেড়াবেড়ি, সিঙ্গুর, হুগলি।*

■■ প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে এম.সি.কিউ. টাইপের পার্ট-I পরীক্ষা হবে। তাতে সফল হলে ডেসক্রিপ্টিভ টাইপের মেনস পরীক্ষা হবে। তারপর টাইপিং টেস্ট হবে।

■ *আই.সি.ডি.এস.সুপারভাইজর পদের ২০১৯ সালের পরীক্ষা থেকে নন-জয়েনিং হিসাবে ২ বার তালিকা বেরিয়েছে। আর কোনো তালিকা বেরোবে? — অনিন্দিতা ধর, ধিধনি, ঝাড়গ্রাম।*

■■ না, আর কোনো তালিকা বেরোবে না।

■ *পি.এস.সি.'র ক্লার্কশিপ পরীক্ষার পার্ট-I ও পার্ট-II'এর প্রশ্ন কি বাংলায় হবে? — সমর মুর্মু, ধনিয়াখালি, নদিয়া।*

■■ পার্ট-ওয়ানের প্রশ্ন বাংলায় হবে। পার্ট-টু'র ডেসক্রিপ্টিভ টাইপের বাংলার প্রশ্ন বাংলায় হয় আর ইংরিজির প্রশ্ন ইংরিজিতে হয়।

■ *২০২৪ সালের ক্লার্কশিপ পরীক্ষার ফর্ম পূরণ করেছি। এরপর এডিট অপশন কবে থেকে শুরু হবে? — প্রিয়াঙ্কা দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ ক্লার্কশিপ পরীক্ষার এডিট অপশন চলবে ৩ নভেম্বর থেকে ৮ নভেম্বর পর্যন্ত। তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি., মেধাবী খেলোয়াড়, ই.ডব্লু.এস., প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী সম্প্রদায়ের প্রার্থীদের অবশ্যই এডিট অপশনে গিয়ে কাস্ট সার্টিফিকেট আপলোড করতে হবে ৮ নভেম্বরের মধ্যে। কোনো প্রার্থী কাস্ট সার্টিফিকেট আপলোড না করলে তিনি কাস্ট ক্যাটেগরির সুযোগ পাবেন না।

স্টাফ সিলেকশনের

■ *কেন্দ্রীয় সরকারের মাল্টি টাস্কিং স্টাফ (এম.টি.এস.) পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? পরীক্ষা কবে হবে? — রাহুল মান্ডি, কেশিয়ারী, গড়বেতা, পশ্চিম মেদিনীপুর।*

■■ বিজ্ঞপ্তি শিগগিরই বেরোবে। পরীক্ষা ডিসেম্বর মাসে হতে পারে।

স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষার ফল কবে বেরোবে? — সৌম্যদীপ ব্যানার্জী, আমতা, হাওড়া।*

■■ ও.বি.সি. সাব-ক্যাটেগরি আপলোড প্রক্রিয়া শেষ হয়েছে। শূন্যপদের সংশোধিত তালিকাও বেরিয়েছে। কালীপুজোর পরই এই পরীক্ষার ফল বেরোবে। এরপর ইন্টারভিউ হবে।

রেলে চাকরির

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির পরীক্ষা পদ্ধতি, সিলেবাস, পরীক্ষা কেন্দ্র ইত্যাদি জানাবেন। — পুষ্পেন্দু সর্দার, কালিকাপুর স্টেশন রোড, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরিতে গ্র্যাজুয়েট ও উচ্চমাধ্যমিক যোগ্যতায় দরখাস্ত নেওয়া চলছে। উচ্চমাধ্যমিক যোগ্যতার বেলায় দরখাস্ত করার শেষ তারিখ ১৩ নভেম্বর। গ্র্যাজুয়েট যোগ্যতার বেলায় দরখাস্ত করার শেষ তারিখ ৬ নভেম্বর। যাঁরা এখনো দরখাস্ত করেননি, তাঁরা দরখাস্ত করে নিতে পারেন। কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হয় কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করবেন, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের অধীন কেন্দ্রে পরীক্ষা দিতে হয়।

প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট হবে আগামী বছরের প্রথম দিকে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাকা হবে। দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে।

■ *রেলের আই.আর.সি.টি.সি. থেকে সি.ও.পি.এ. ট্রেডে অ্যাপ্রেন্টিস করেছি। রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষায় ২০% কোটার সুবিধা পাব কি? — মেঘনা রায়, এন.এ. ৮৫, নর্থ অর্জুনপুর, কলকাতা -৫৯।*

■■ না, পাবেননা।

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

সাম্প্রতিক তথ্যে ভরা

চাহিদা

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

প্রাইমারির

■ *ডি.এল.এড. কোর্স পাশ করেছি। বি.এ. এলএল.বি. কোর্স পাশ করলে আপার প্রাইমারি 'টেট' দেওয়া যাবে কি? — দেবাশিষ হালদার, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, দেওয়া যাবে।

■ *আর.সি.আই. অনুমোদিত প্রতিষ্ঠান থেকে স্পেশাল ডি.এড. করেছি। আপার প্রাইমারি 'টেট' দিতে পারব কি? — জগন্নাথকুমার মন্ডল। অনির্বাণ দাস, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

কোর্স ও ট্রেনিং

■ *২০২১ সালে ডিগ্রি কোর্স পাশ করেছি। উচ্চমাধ্যমিকে ৬৪ শতাংশ নম্বর আছে। ডি.এল.এড. কোর্সে ভরতি হতে পারব? এই কোর্স পাশ করে কী কী চাকরির পরীক্ষা দিতে পারব? — রুদ্রদ্বীপ শীল, চন্দনহাটী, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, ডি.এল.এড. কোর্সে ভরতি হতে পারবেন। ডি.এল.এড. পাশ হলে প্রাইমারি ও আপার প্রাইমারি 'টেট' পরীক্ষা দিতে পারবেন।

অন্যান্য চাকরির

■ *মাধ্যমিক পাশের সার্টিফিকেটে বাবার নামের বানানে একটি লেটার ভুল আছে। চাকরির পরীক্ষার দরখাস্ত করার সময় সার্টিফিকেটের নাম লিখব, না সঠিক নামটি লিখব? — প্রবীর বিশ্বাস, মুর্শিদাবাদ।*

■■ সার্টিফিকেটে যে নামটি আছে, সেটাই লিখতে হবে।

■ *২০২৭ সালে রাজ্য সরকারের কী কী পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোতে পারে? — সৌরভ খান, বেলিয়াতোড়, বাঁকুড়া।*

■■ ডব্লু.বি.সি.এস., মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর, ফায়ার অপারেটর, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অফিসার, পুলিশের সাব-ইন্সপেক্টর, পঞ্চায়েত দফতর, পুরসভা, স্কুল সার্ভিস কমিশন, স্বাস্থ্য কর্মী ইত্যাদি দফতরে নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে।

■ *রাজ্যে গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি আগামী বছর বেরোবে কি? — সৌরভ খান, বেলিয়াতোড়, বাঁকুড়া।*

■■ হ্যাঁ, বেরোবে।

ব্যবসা

কম পুঁজির লাভজনক ব্যবসা টম্যাটো পিউরি ও চিলি সস

আমাদের রাজ্যে যত দেশীয় সবজি ও ফল উৎপন্ন হয় তার ৭০% থেকে ৮০% উপযুক্ত সংরক্ষণের অভাবে নষ্ট হয়ে যায়। যেমন : টম্যাটো, আলু, কপি (বাঁধা, ফুল, ওল), কিংবা আম, জাম, কাঁঠাল। মরশুমে এই জাতীয় সবজি বা, ফলের ব্যাপক ফলন বা, উৎপাদন হয়। এর বেশিরভাগটাই হয় অপচয়, না হয় দাম পড়ে যাওয়ায় চাষিরা ব্যাপক ক্ষতির মুখে পড়েন। অথচ সংরক্ষণ করে প্রক্রিয়াকরণ করতে পারলে সহজেই অনেকের আয় বাড়ে। যেমন : আলু থেকে তৈরি করা যায় পট্যাটো চিপস, পট্যাটো পাউডার, ঝড়ে পড়ে যাওয়া কাঁচা আম থেকে তৈরি করা যায় আচার, চাটনি, আমচুর, ম্যাঙ্গোট্রিট বিটস, পাকা আম থেকে জ্যাম-জেলি, আমসত্ত। টম্যাটো থেকে পিউরি, কাঁচা লঙ্কা থেকে চিলি শস ইত্যাদি।

ব্যবসা শুরু করতে : যে অঞ্চলে যে জাতীয় সবজি বা, ফলের উৎপাদন বেশি সেই অনুসারে প্রকল্প তৈরির দিকে এগোনো ভালো। কারণ এর ফলে কাঁচামালের অভাব হয় না। এজন্য অন্তত ৫০০-৬০০ বর্গফুট জায়গার দরকার হয়। যেকোনো ধরনের খাদ্য তৈরির প্রকল্প করতে দরকার : ট্রেড লাইসেন্স, ফুড লাইসেন্স, দূষণ পর্ষদের ছাড়পত্র আর এমএমএমই নিবন্ধীকরণ। প্রকল্প তৈরি থেকে ছাড়পত্র পাওয়া সব ব্যাপারে সাহায্য পাওয়া যাবে সংশ্লিষ্ট জেলা শিল্পকেন্দ্রে। লাভজনক ব্যবসা করতে চাইলে নিতে হবে এফ.পি.ও. রেজিস্ট্রেশন। এই লাইসেন্স পেতে যোগাযোগ করতে হবে : খাদ্য প্রক্রিয়াকরণ দফতর, ময়ূখভবন, সল্টলেক। নিজস্ব ব্যান্ডে পণ্য বিক্রি করতে চাইলে ট্রেড মার্ক রেজিস্ট্রেশন করিয়ে নেওয়া দরকার।

কম পুঁজির লাভজনক ব্যবসা টম্যাটো পিউরি ও চিলি শস আর ভিনিগার ও প্রাকৃতিক উপায়ে তৈরি জ্যাম-জেলি দু'টি প্রকল্পের কথা বলছি।

টম্যাটো পিউরি : সস, পনির, চিকেন / বড়ো-বড়ো হোটেল বা, রেস্তরাঁয় কেচাব, মাটন কষার সঙ্গে ব্যবহার হয় টম্যাটো পিউরি। এতে খাবারে দারুণ স্বাদ আসে। এছাড়াও ভাত, রুটি, মুড়ির সঙ্গে এটা খেতে পারেন।

কাঁচামাল ও উপাদান : শঙ্কর জাতের পাকা টম্যাটো, অ্যাসেটিক অ্যাসিড, ক্লাস টু প্রিজার্ভেটিভ।

মেশিনারি : যন্ত্রপাতির মধ্যে দরকার টম্যাটো ক্রায়ার ও জুসার, ইন্ডাস্ট্রিয়াল মিক্সার মেশিন, ওভেন, অটোক্লেভ, ক্যানিং সেকশন, বটল সিলিং মেশিন, স্টিলের কড়াই ও স্টিলের ছাকনি।



যাবতীয় সরঞ্জাম পাওয়া যাবে বড়বাজার ও বাগড়ি মার্কেট।

তৈরির পদ্ধতি : টম্যাটোগুলো ৭০°-৮০° তাপমাত্রায় ৩-৪ মিনিট গরম জলে ভাপাতে হবে। এবার মিক্সার মেশিনের মাধ্যমে রস বার করে নিতে হবে। এরপর এই রস ফুটিয়ে ৭°-১০° সেন্টিগ্রেডে রিক্সিং (মিষ্টত্ব) নিয়ে আসতে হবে। (আড়াই কেজি রস থেকে ১ কেজি মিষ্টত্ব পাওয়া যায়) এবার মিষ্টি রসে ক্লাস টু প্রিজার্ভেটিভ মিশিয়ে সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ করতে হবে। শেষে প্রক্রিয়াজাত পণ্য বোতলে ভরে ছিপি দিয়ে বন্ধ করতে হবে।

চিলি সস

উপকরণ : কাঁচা লঙ্কা (১ কেজি), সব্জি পালভ (৩ কেজি), নুন (১৫০ গ্রাম), অ্যাসিটিক অ্যাসিড (৬০ মিলি), হলুদ (৫ গ্রাম), আদা বাটা (৩০ গ্রাম), রসুন বাটা (১২ গ্রাম), চিনি (১০০ গ্রাম) ও দরকার মতো জল।

মেশিনারি : মেশিনারির মধ্যে লাগবে মিক্সিং গ্রাইন্ডার, ফুড গ্রেড স্টেনলেস স্টিলের কড়াই, বটল সিলিং মেশিন।

তৈরির পদ্ধতি : কাঁচা লঙ্কাগুলো মিক্সার মেশিন বা, শিল নোড়ায় বাটতে হবে। এরপর যাবতীয় উপাদান নির্দিষ্ট অনুপাতে মিশিয়ে ৫-৭ মিনিট ফোটাতে হবে। মেশিন থেকে নামানোর পর ক্লাস টু প্রিজারভেটিভ মিশিয়ে বোতলজাত বা, প্লাস্টিক শিশিতে ভরে রাখুন।

ব্যবহার : হোটেল, রেস্তরাঁ থেকে মোড়ের মাথায় ফাস্ট ফুডের দোকানে বিভিন্ন রোল, চাউমিনের সঙ্গে চিলি সস ব্যবহার করা হয়। এটা খাবারের স্বাদে বৈচিত্র্য আনে।

বিনিয়োগ ও লাভ : ৮০ হাজার থেকে দেড় লাখ টাকার পুঁজি নিয়ে টম্যাটো পিউরি ও চিলি সস তৈরির ইউনিট শুরু করতে পারেন।

টাকার উৎস : খাদ্য প্রক্রিয়াকরণের ব্যবসা করার জন্য কেন্দ্রীয় সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ দফতর আর প্রধানমন্ত্রী কর্ম সৃজন প্রকল্প থেকে ভর্তুকি ও ঋণ পাওয়া যায়।

তবে খাদ্য প্রক্রিয়াকরণের ব্যবসা শুরু করার আগে প্রযুক্তিগত দক্ষতা বাড়াতে ট্রেনিং নেওয়া থাকলে সুবিধা হয়।

ক্লার্কশিপ স্পেশাল

1. Choose the right word to complete the sentence; In .....of the recommendations, the Board has established a counter to entertain complaints from consumers.
(A) adherence (B) pursuance (C) relation (D) accordance

2. Select the right word meaning 'prowess' :
(A) bravery (B) keenness (C) eagerness (D) understanding

3. *Choose the antonym for the word given below from the alternatives*
'Zenith'
(A) Below (B) Abyss (C) Nadir (D) Deep

4. *Fill in the blank with the correct alternative :*
"Do not ..... about your decision to join the institute" said the Professor to Arya.
(A) hob-nob (B) Willy-nilly (C) wishy-washy (D) dilly-dally

5. *Choose the appropriate meaning of the idiom from the given alternatives.*
Her maiden speech made no impact on the audience.
(A) prepared speech (B) feminine speech
(C) spontaneous speech (D) first speech

6. *Choose the correct question tag and complete the sentence:*
You do this out of a matter of habit,.....
(A) isn't it? (B) don't you? (C) do you? (D) aren't you?

7. Choose the correct meaning from the choices given below:
Human life is full of weal and woe.
(A) trials and tribulations (B) hurdles and achievements
(C) real and illusory (D) joy and sorrow

8. I said to her, "Who is your guardian?"
The sentence in indirect speech will be:
(A) I asked her who her guardian was.
(B) I asked her who is her guardian. (C) I asked her about the identity of her guardian. (D) I asked her who her guardian could be.

9. Choose the correctly spelt word.
(A) Meintenance (B) Maintenance (C) Mentenance (D) Mentainance

10. The defendant retracted his confession. (The Word nearest in meaning to the underlined part is ..... .)
(A) Retold (B) Refused (C) Revoked (D) Reformulated

Direction for Question Nos. 11 and 12 :
Choose the correct alternative to express the following sense in a single word.

11. A lover of wisdom
(A) Philanderer (B) Philosopher (C) Philologist (D) Philanthropist

12. One who is not capable of erring
(A) Incredible (B) Infallible (C) Incorrigible (D) Ineligible

13. The plane _____ at 6.30 p.m. (choose the right alternative to fill in the blank)
(A) Put off (B) Called off (C) Took off (D) Drew up

14. If somebody becomes inebriated then he/she would be booked by the police for
(A) Bankruptcy (B) Violence (C) Being a defaulter (D) Drunkenness

Choose the correct item to fill in the blanks from the given options

15. The roaring sound of the storm frightened us.
(A) Haul (B) Howl (C) Hail (D) Hale

16. বিল গেটস ও পল অ্যালেন'এর নাম কোন সংস্থাটির সঙ্গে যুক্ত?
(A) Google (B) Apple (C) Microsoft (D) IBM

17. নীচের কোন দেশটি রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য নয়?
(A) মার্কিন যুক্তরাষ্ট্র (B) যুক্তরাজ্য (C) চিন (D) জাপান

18. গাছপালার পাতার আকার প্রভাবিত হয় নীচের কোনটির মাধ্যমে?
(A) তাপমাত্রা (B) আর্দ্রতা প্রাপ্যতা (C) উচ্চতা (D) তাপমাত্রা ও আর্দ্রতা উভয়ই

19. ব্রহ্মপুত্রের উৎপত্তিস্থল তিব্বতে, সেখানে এটি কোন নামে পরিচিত?
(A) সাংপো (B) মেঘনা (C) রাক্ষসতাল (D) যমুনা

20. ভারতের সংবিধানের অংশ III-এর কোন অনুচ্ছেদে মৌলিক অধিকারের বিষয়বস্তু রয়েছে?
(A) অনুচ্ছেদ 12 থেকে 35 (B) অনুচ্ছেদ 12 থেকে 32 (C) অনুচ্ছেদ 36 থেকে 51 (D) অনুচ্ছেদ 51A

21. সম্প্রতি কত বছর বয়সে মারা গেলেন প্রবীণ বলিউড অভিনেতা নানা পাটেকর?
(A) 75 (B) 56 (C) 61 (D) 83

22. 'টোডা' উপজাতির আবাসস্থল হল —
(A) আরাবল্লী রেঞ্জ (B) শিবালিক রেঞ্জ (C) কৈমুর রেঞ্জ (D) নীলগিরি পাহাড়

23. বিশ্বের প্রধান কয়লা সম্পদ ভূতাত্ত্বিক কোন সময়কালের অন্তর্গত?
(A) ক্রিটেসিয়াস (B) জুরাসিক (C) ডেভোনিয়ান (D) কার্বনিফেরাস

24. 'আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়'এর প্রথম মহিলা উপাচার্য কে?
(A) ফতেমা বিবি (B) নাইমা খাতুন (C) শায়েস্তা আনোয়ার (D) নাজমা হেপতুল্লা

25. Epigraphy হল —
(A) শিলালিপি অধ্যয়ন (B) গ্রাফিকাল মানচিত্র (C) মহাকাব্যের শনাক্তকরণ (D) মহাকাব্যের অধ্যয়ন

26. 'Ignited Minds' বইটির লেখক কে?
(A) বন্দনা শিবা (B) চেতন ভগত (C) অরুন্ধতী রায় (D) এ.পি.জে. আব্দুল কালাম

27. নীতিবাক্য 'সত্যমেব জয়তে', যার অর্থ হল 'একাকী সত্যের বিজয়' এটি কোন লিপিতে লেখা হয়েছে?
(A) দেবনাগরী লিপি (B) খরোষ্ঠী লিপি (C) গুপ্ত লিপি (D) কলিঙ্গ লিপি

28. কোন ভাইসরয় ভারতে 'সমবায় সমিতি' চালু করেছিলেন?
(A) লর্ড কার্জন (B) লর্ড ওয়াভেল (C) লর্ড রিপন (D) লর্ড কর্নওয়ালিস

29. 'মারিয়ানা ট্রেঞ্চ' কোন মহাসাগরে অবস্থিত?
(A) দক্ষিণ আটলান্টিক (B) উত্তর আটলান্টিক (C) পশ্চিম প্রশান্ত মহাসাগর (D) পূর্ব প্রশান্ত মহাসাগর

30. Petroglyphs কথাটির অর্থ হল —
(A) পাথর চিপিং করে হাতিয়ার তৈরি (B) পেট্রোল দিয়ে পাথরের প্রস্তুতি (C) শিলা-পৃষ্ঠের কিছু পদার্থ - খোদাই, ছেনা ও স্কুপিংয়ের মাধ্যমে শিলা-শিল্প করা (D) পাথর কাটার মেশিন

31. 'রৌরকেল্লা স্টিল প্ল্যান্ট' কোন নদীর তীরে অবস্থিত?
(A) খারকাই নদী (B) ব্রাহ্মণী নদী (C) দামোদর নদী (D) শিপ্রা নদী

32. বিজয়নগর রাজ্য কোন নদীর তীরে অবস্থিত ছিল?
(A) কৃষ্ণা (B) গোদাবরী (C) কাবেরী (D) তুঙ্গভদ্রা

33. 1784 সালে 'এশিয়াটিক সোসাইটি অফ বেঙ্গল'এর প্রতিষ্ঠা করেন কে?
(A) স্যার উইলিয়াম জোন্স (B) ওয়ারেন হেস্টিংস (C) স্যার জেমস ম্যাকিনটোস (D) জেমস প্রিন্সেপ

34. কোন দেশে 18তম BRICS সম্মেলন আয়োজিত হয়েছে?
(A) রাশিয়া (B) দক্ষিণ আফ্রিকা (C) চিন (D) ভারত

35. কত বছর বয়সে বিশ্বের সর্বকনিষ্ঠ মহিলা গ্র্যান্ডমাস্টার হলেন ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ দারাদু বোধনা শিবানন্দন?
(A) ৮ (B) ৯ (C) ১০ (D) ১১

36. নির্দিষ্ট দূরত্ব স্রোতের অনুকূলে যাওয়া যায় 8 ঘন্টায় ও প্রতিকূলে যাওয়া যায় 10 ঘন্টায়। যদি স্রোতের বেগ ঘন্টায় 1 কিলোমিটার হয়, তবে দূরত্ব কত কিলোমিটার?
(A) 70 (B) 80 (C) 85 (D) 90

37. দু'টি ধনাত্মক ক্রমিক সংখ্যার বর্গের পার্থক্য 75 হলে, বৃহত্তর সংখ্যাটি কত?
(A) 30 (B) 35 (C) 37 (D) 38

38. একটি নির্দিষ্ট সময়ে কিছু পরিমাণ টাকা 5% সরল সুদের হারে তিনগুণ হয়। সরল সুদের হার কত হলে ওই সময়ে টাকা ছয়গুণ হবে?
(A) 10% (B) 12% (C) 12.5% (D) 14%

39. খাঁটি স্পিরিটের দাম 15.50 টাকা প্রতি লিটার। এরকম 56 লিটার খাঁটি স্পিরিটের সঙ্গে কত লিটার জল মেশালে মিশ্রিত স্পিরিটের দাম প্রতি লিটার 14 টাকা হবে?
(A) 6 লিটার (B) 7 লিটার (C) 8 লিটার (D) 9 লিটার

40. 40.50 টাকা কিলোগ্রাম দরের চালের সঙ্গে 95.50 টাকা কিলোগ্রাম দরের চাল কী অনুপাতে মিশ্রিত করলে, মিশ্র চালের দাম 55.50 টাকা প্রতি কিলোগ্রাম হবে।
(A) 3 : 8 (B) 6 : 5 (C) 5 : 6 (D) 8 : 3

41. 10 মিটার বাহুবিশিষ্ট বর্গক্ষেত্রের মাঝখানে দৈর্ঘ্য ও প্রস্থ বরাবর 2 মিটার চওড়া রাস্তার ক্ষেত্রফল কত?
(A) 36 বর্গ মিটার (B) 44 বর্গ মিটার (C) 41 বর্গ মিটার (D) 48 বর্গ মিটার

42. কিছু লোক 70 দিনে একটি কাজ করে। যদি 2 জন লোক কাজে যোগ না দেয়, কাজটি শেষ করতে আরও 10 দিন বেশি লাগে। তবে প্রথমে কত লোক ছিল?
(A) 15 জন (B) 18 জন (C) 16 জন (D) 20 জন

43. $\frac{36}{125}$, $1\frac{17}{25}$, $\frac{54}{55}$ এর ল.সা.গু কত?
(A) $151\frac{1}{6}$ (B) $151\frac{1}{5}$ (C) $151\frac{3}{7}$ (D) $151\frac{4}{3}$

44. $P-\frac{1}{P}=m$ হলে $P^2+\frac{1}{P^2}$?
(A) m^2+2 (B) m^2-2 (C) $m-2$ (D) $m+2$

45. 3600 সংখ্যাটিকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে ভাগ করলে সংখ্যাটি একটি ঘনফল হবে?
(A) 450 (B) 9 (C) 350 (D) 50

46. তিনটি সংখ্যার যোগফল 98. প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত 2 : 3 আর দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার অনুপাত 5 : 8 হলে, দ্বিতীয় সংখ্যাটি কত?
(A) 25 (B) 30 (C) 35 (D) 40

47. একটি নির্বাচনী কেন্দ্রে 80% ভোটার ভোট দেয়। বিজয়ী প্রার্থী প্রদত্ত ভোটের 70% পেয়ে নিকটতম একমাত্র প্রতিদ্বন্দ্বীকে 4,960 ভোটে হারায়। ওই কেন্দ্রে মোট ভোটারের সংখ্যা কত?
(A) 16,000 (B) 1,55,000 (C) 15,500 (D) 14,500

48. A যদি 3 টাকা পায়, B পায় 4 টাকা। আবার B যদি 5 টাকা পায়, C পায় 6 টাকা। যে সময়ে A পায় 20 টাকা, একই সময়ে C পায় কত টাকা?
(A) 31 টাকা (B) 32 টাকা (C) 34 টাকা (D) 40 টাকা

49. একটি নৌকা একটি দূরত্ব 30 কিলোমিটার/ঘন্টা গিয়ে একই দূরত্ব 60 কিলোমিটার/ঘন্টা গতিতে ফিরে আসে। পুরো যাত্রায় গড় গতিবেগ ঘন্টায় কত কিলোমিটার?
(A) 35 (B) 45 (C) 40 (D) 50

50. একটি বর্গাকার পার্কের ক্ষেত্রফল 25 বর্গ কিলোমিটার। ঘন্টায় 3 কিলোমিটার গতিতে পার্কের চারিদিকে একবার ঘুরে আসতে কত সময় লাগবে?
(A) 3 ঘন্টা 40 মিনিট (B) 4 ঘন্টা 40 মিনিট
(C) 6 ঘন্টা 40 মিনিট (D) 2 ঘন্টা 30 মিনিট

WBPSC Exam

ক্লার্কশিপ পরীক্ষা



রাজ্য সরকারের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট, জেলা অফিসার ও অন্যান্য আঞ্চলিক অফিসে কাজের জন্য ২০২৪ সালের 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদে প্রায় ৬,০০০ শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। দরখাস্ত এডিট করতে পারবেন ৮ নভেম্বর পর্যন্ত। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। প্রথমে লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টের পরীক্ষা হবে এ'বছরের ডিসেম্বরে। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম পার্টে যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন কর্মসংস্থান পত্রিকার সহসম্পাদক **রঞ্জিৎ ঘোষ**।

ক্লার্কশিপ স্পেশাল

উত্তর

1(B). 2(A). 3(C). 4(D). 5(D). 6(B). 7(D). 8(A). 9(B). 10(C). 11(B). 12(B). 13(C). 14(B). 15(B). 16(C). 17(D). 18(D). 19(A). 20(A). 21(A). 22(D). 23(D). 24(B). 25(A). 26(D). 27(A). 28(A). 29(C). 30(C). 31(B). 32(D). 33(A). 34(D). 35(D).

36(B). স্থির জলে নৌকার গতি ঘন্টায় x কিলোমিটার ধরা হলে - $8(x+1)=10(x-1) \Rightarrow 2x=18, x=9$ ∴ নির্ণেয় দূরত্ব = $8(9+1)=80$ km

37(D). মনে করি, সংখ্যা দু'টি = x, x + 1 ∴ $(x+1)^2-x^2=75$
$\Rightarrow x^2+2x+1-x^2=75 \Rightarrow 2x=74, x=37$
∴ x + 1 = 37 + 1 = 38

38(C). টাকার পরিমাণ = P. ∴ সরল সুদ = 3p—p = 2p
∴ $2p=\frac{p\times 5\times t}{100}$ ∴ T = 40 বছর।
দ্বিতীয় ক্ষেত্র সরল সুদ = 6p − p = 5p. $5p=\frac{P\times R\times 40}{100}$,
$p=\frac{100\times 5}{40}=12.5\%$

39(A). 40(D). 41(A).

42(C). প্রথম লোক সংখ্যা = $\frac{2(70+10)}{10}=16$ জন

43(B). 44(A). 45(A). 46(B). 47(C).

48(B). A : B = 3 : 4, B : C = 5 : 6. $\frac{A}{\cancel{B}}\times\frac{\cancel{B}}{C}=\frac{3}{4}\times\frac{5}{\cancel{6}_2}=\frac{5}{8}$
= A : C = 5 : 8 ∴ C পাবে = $20\times\frac{8}{5}=32$ টাকা

49(C).

50(C). বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = $\sqrt{25}=5$ কিলোমিটার। বর্গক্ষেত্রের পরিসীমা = 4 × 5 = 20 কিলোমিটার।
∴ সময় লাগবে = $\frac{20}{3}=6\frac{2}{3}$ ঘন্টা = $6+\frac{2}{3}\times 60=6$ ঘন্টা 40 মিনিট।

UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

১ পাতার পর

কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/-- ১৫,০০০/- টাকা।

পদ : GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ৩৩,০০০/-- ৬৫,০০০/- টাকা।

উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩০.১১.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।

ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন : এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৯ মাসেই (জানুয়ারি-সেপ্টেম্বর) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৮২,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এই খানেই লাগবে **UI/UX Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ-ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **UI/UX Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX Designer** লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience) ডিজাইন জিনিসটা ঠিক কী?** UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। আবার এখনকার AI যুগে শুধুমাত্র UI/UX Designer থাকলেই হবে না — আবার ওই টিমে Product Designer ও থাকতে হবে। এখন এই **Product Designer**-এর কাজটা কি? একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। ভাবুন, আপনাকে একটা ফুড ডেলিভারি অ্যাপ ডিজাইন করার কথা বলা হল। **UI/UX Designer**-রা ওই অ্যাপের আউটলুক অর্থাৎ রঙ, ফন্ট, লেআউট ইত্যাদি এমনভাবে তৈরি করল, যাতে সেটা খুবই আকর্ষনীয় হয়। কিন্তু এখানেই কাজ শেষ হয় না। অ্যাপটিকে কিভাবে জনপ্রিয় করা যায় — সেই গুরুত্বপূর্ণ ধাপটাই নির্ভর করে **Product Designer**-এর কাজের ওপর। **Product Designer** মূলত অ্যাপটির সর্বগ্রহণযোগ্যতা, জনপ্রিয়তা ও ইউজার ফ্রেন্ডলিনেস নিয়ে কাজ করে। সোজা বাংলায় বলতে গেলে Product Designer অ্যাপটি ব্যবহারের ক্ষেত্রে ইউজারের সমস্যা মেটাতে বা অ্যাপটির ফিচার কিরকম হবে বা অ্যাপটির ইউজার ফ্লো ও ওয়্যার ফ্রেমস, ইন্টারফেস ডিজাইন ও সর্বোপরি ডেভেলপার ও প্রোডাক্ট ম্যানেজারের সাথে সংযোগ স্থাপন করে অ্যাপটিকে সর্বাধিক জনপ্রিয় করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — **(১)** একমাত্র এখানেই GenAI বেসড UI/UX Designer ও Product Designer-এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। শুধুমাত্র **উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও** এই ট্রেনিং নিতে পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই,** যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। **(২)** এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। **(৩)** একমাত্র এখানেই **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এই সময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। **(৪)** এছাড়াও একমাত্র এখানেই GenAI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস ChatGPT, Gemini, Claude মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। **(৫)** একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Friendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। আবার প্রোডাক্ট ডিজাইনিংয়ের ক্ষেত্রে এই ইন্ডাস্ট্রির সবচেয়ে গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Understand the problem', 'Research Users', 'Create User Flows', 'Develop Wireframes', 'Design UI', 'Build Prototypes', 'Launch', 'Measure & Improve'** এর ব্যবহার বিশেষভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। **(৬)** এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools (Figma AI, Galileo AI, FramerAI, Notion AI, MiroAI) এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। **(৭)** আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects, Relume, Midjourney, Uizard এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এছাড়াও, এই কোর্সের মধ্যে এই ট্রেন্ডের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। **(৮)** এছাড়াও এখানে ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত **১০টির ওপর AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। **(৯)** একমাত্র এখানেই GenAI বেসড UI / UX ডিজাইনিং ও প্রোডাক্ট ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX ডিজাইনিং** (শুরুতে মাইনে ১২,০০০/-- ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **প্রোডাক্ট ডিজাইনিং** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ৩৩,০০০/--৬৫,০০০/-টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'প্রোডাক্ট ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। **(১০)** এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাঁদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই এই ট্রেনিং নিতে পারে। **(১১)** আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। **(১২)** আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। **(১৩)** আমাদের এখানে সেরা সেরা **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। **(১৪)** এই ট্রেনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। **(১৫)** আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। **(১৬)** এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। **(১৭)** এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' **(১৮)** এছাড়াও,যোগ্য প্রার্থীদের জন্য কোর্স ফি'র (পুরোটা একসাথে জমা দিলে) ওপর ৫০% স্কলারশিপের ব্যবস্থা আছে। এই স্কলারশিপ পাওয়া যাবে ১০.১০.২০২৬ পর্যন্ত। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৭০টি থেকে ৮০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি

রাজ্য সরকারে ১ লাখ শূন্যপদ পূরণ

১ পাতার পর

কনস্টেবলের হাতে নিয়োগপত্র তুলে দেওয়া হয়েছে। কলকাতা পুলিশে ৪ হাজার কনস্টেবলের নিয়োগপত্র শিগগিরই দেওয়া হবে।'

পি.এস.সি.'র ক্লার্কশিপ পরীক্ষার ২০২৩ সালের মেনস পরীক্ষার ফল বেরিয়ে টাইপিং টেস্ট হয়ে নিয়োগ হবে। ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার ইন্টারভিউ শেষ হলেই প্রায় ১,০০০ শূন্যপদে নিয়োগ হবে। পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর পদের যে নিয়োগপ্রক্রিয়া চলছে, তা থেকে প্রায় ১,৩০০ শূন্যপদে নিয়োগ হবে। স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক (শূন্যপদ ২,৯৮৯টি) ও গ্রুপ-ডি (শূন্যপদ ৫,৪৮৮টি) মিলিয়ে প্রায় সাড়ে ৮ হাজার শূন্যপদ পূরণ হবে। স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-ডি ও ক্লার্ক পদের লিখিত পরীক্ষার ফল যে কোনো দিন বেরোতে পারে। সংশোধিত শূন্যপদের তালিকা বেরিয়েছে।

স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা পদে প্রায় ২৪ হাজার শূন্যপদ পূরণ হবে (যার নিয়োগপ্রক্রিয়া চলছে)। প্রাইমারি টিচার পদে কয়েক হাজার শূন্যপদ পূরণ হবে, যার ইন্টারভিউ ডিসেম্বরে শুরু হবে।

যে যে পরীক্ষার নতুন বিজ্ঞপ্তি বেরোবে : এ মাসের মধ্যে রাজ্য পুলিশে ৯ হাজার কনস্টেবল পদের বিজ্ঞপ্তি বেরোবে। পঞ্চায়েত দফতরে প্রায় ৭ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি বেরোবে। কলকাতা পুলিশে সাব-ইন্সপেক্টর ও কনস্টেবল পদে ৫,৮৯৩টি শূন্যপদের বিজ্ঞপ্তি বেরোবে ডিসেম্বরের মধ্যেই। শিক্ষা দফতর, টেকনিক্যাল এডুকেশন বিভাগে প্রায় ৩৩ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তিও ডিসেম্বরের মধ্যে বেরোবে। অন্যদিকে, পি.এস.সি.'র ক্লার্কশিপের ২০২৪ সালের পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। এই পরীক্ষা থেকে প্রায় ৬ হাজারের বেশি শূন্যপদ পূরণ করা হবে।

পুলিশে ৩০ ড্রাইভার

১ পাতার পর

ছেলে নিচ্ছে। ক্লাস এইট পাশ ছেলেরা ২১ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। ৪ চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে ও অন্তত ৩ বছর গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ১৬,০০০ টাকা। চাকরি হবে চুক্তিতে।

প্রার্থী বাছাই হবে ড্রাইভিং টেস্ট (২০ নম্বর) ও ইন্টারভিউ (২০ নম্বর)-এর মাধ্যমে। তারপর হবে ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল সঙ্গে নিয়ে যাবেন।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in, https://alipurduarpolice.wb.gov.in, http://jalpaiguripolice.wb.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (২) ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতার সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Driver on Contractual Basis 2026'. দরখাস্ত পৌঁছনো চাই আলিপুর ও পূর্ব বর্ধমান কেন্দ্রের বেলায় ১৩ নভেম্বরের মধ্যে আর জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার কেন্দ্রের বেলায় ৯ নভেম্বরের মধ্যে। দরখাস্ত পাঠাবেন — (১) কলকাতার আলিপুর কেন্দ্রের বেলায় এই ঠিকানায় : The Director General & Inspector General of Police, Enforcement Branch, West Bengal, Office of the Director General & Inspector General of Police, Araksha Bhawan, Salt Lake, DJ Block, Sector-II, Kolkata -91. (২) জলপাইগুড়ি কেন্দ্রের বেলায় এই ঠিকানায় : MT Section, Police Lines, Jalpaiguri, (৩) পূর্ব বর্ধমান কেন্দ্রের বেলায় এই ঠিকানায় : MT Section, Office of the Superintendent of Police, Purba Bardhaman District Police, Purba Bardhaman Police Lines, (৪) আলিপুর কেন্দ্রের বেলায় : Office of the Superintendent of Police, Alipurduar - 736122. দরখাস্ত হাতে-হাতেও ওই ঠিকানায় জমা দিতে পারবেন।


Bangla Stock Exchange


সম্পূর্ণ বাংলায় সহজ ভাষায়


ট্রেডিং ও ইনভেস্টমেন্টের 5টি প্রফেশনাল PDF


একসাথে শিখুন, ট্রেডিং থেকে ইনভেস্টমেন্টের সম্পূর্ণ জ্ঞান


- প্র্যাকটিকাল উদাহরণ
- চার্ট ও ডায়াগ্রাম
- স্টেপ বাই স্টেপ গাইড
- নতুনদের জন্য সহজ
- বাংলায় বিপদ আলোচনা











আমাদের ওয়েবসাইট
www.banglastockexchange.blogspot.com

হোয়াটসঅ্যাপে যোগাযোগ করুন
9647817159

রেলে ১,২১৫ স্টেশন মাস্টার

১ পাতার পর

ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার A-2. বেসিক পে ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : ১,২১৫টি। কোন রেল রিক্রুটমেন্ট বোর্ডে ক'টি শূন্যপদ তা নিচে দেওয়া হল।

প্রার্থী বাছাই পরীক্ষা : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে সিঙ্গল স্টেজ কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) হবে। তারপর সি.বি.এ.টি. হবে। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে।

কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) বেসিক সায়েন্স, ম্যাথমেটিক্যাল ও অ্যানালিটিক্যাল ক্যাপাবিলিটি -৬০ নম্বরের ৬০টি প্রশ্ন, (২) লজিক্যাল ক্যাপাবিলিটি -২০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) মেন্টাল রিজনিং -২০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ১২০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় সাধারণ, ই.ডব্লু.এস. প্রার্থীরা ৪০%, ও.বি.সি.'রা ৩০%, তপশিলী জাতির প্রার্থীরা ৩০%, তপশিলী উপজাতির প্রার্থীরা ২৫ %নম্বর পেলে মোট শূন্যপদের ৮ গুণ প্রার্থীকে 'কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউট টেস্ট (সি.বি.এ.টি.)'এর জন্য ডাকা হবে। এই টেস্টের প্রতিটিতে 'টি-স্কোর' ৪২ পেতে হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ নভেম্বর পর্যন্ত। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও সিগনেচার (৩০-৭০ কেবির মধ্যে) আর কাস্ট সার্টিফিকেট (শুধুমাত্র তপশিলীদের জন্য) ৫০০ কেবির মধ্যে স্ক্যান করে নেবেন।

প্রথমে সংশ্লিষ্ট রেল রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে দরখাস্ত করবেন। তখন ইউজার আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করবেন। তারপর লাইভ ফটো ক্যাপচার সেশন চলবে। এরপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন, ২৭ নভেম্বরের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্ম পূরণ করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন ২৮ নভেম্বর থেকে ৭ ডিসেম্বরের মধ্যে।

সাধারণ প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে পরীক্ষা ফী থেকে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, মহিলা, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীরা 'সি.বি.টি.' পরীক্ষা দিয়ে থাকলে ২৫০ টাকা ফেরৎ পেয়ে যাবেন (ব্যাঙ্ক চার্জ কেটে)।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট কোনটি : আহমেদাবাদ RRB'র বেলায় www.rrbahmedabad.gov.in, আজমীর RRB'র বেলায় www.rrbajmer.org, এলাহাবাদ RRB'র বেলায় www.rrbald.nic.in, ব্যাঙ্গালোর RRB'র বেলায় www.rrbbnc.gov.in, ভুপাল RRB'র বেলায় www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর RRB'র বেলায় www.rrbbbs.gov.in, বিলাসপুর RRB'র বেলায় www.rrbbilaspur.gov.in, চন্ডীগড় RRB'র বেলায় www.rrbcdg.gov.in, চেন্নাই RRB'র বেলায় www.rrbchennai.gov.in, গোরক্ষপুর RRB'র বেলায় www.rrbgkb.gov.in, গুয়াহাটি RRB'র বেলায় www.rrbguwahati.gov.in, জম্মু-শ্রীনগর RRB'র বেলায় www.rrbjammu.nic.in, কলকাতা RRB'র বেলায় www.rrbkolkata.gov.in, মালদা RRB'র বেলায় www.rrbmalda.gov.in, মুম্বাই RRB'র বেলায় www.rrbmumbai.gov.in, মজঃফরপুর RRB'র বেলায় www.rrbmuzaffarpur.gov.in, পটনা RRB'র বেলায় www.rrbpatna.gov.in, রাঁচী RRB'র বেলায় www.rrbranchi.org, সেকেন্দরাবাদ RRB'র বেলায় www.rrbsecunderabad.nic.in, শিলিগুড়ি RRB'র বেলায় www.rrbsiliguri.org, তিরুবনন্তপুরম RRB'র বেলায় www.rrbthiruvananthapuram.gov.in

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে কোন পদে ক'টি শূন্যপদ :

কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ৩৭টি। এর মধ্যে পূর্ব রেলে ৩২টি (জেনাঃ ১১, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রাঃসংকঃ ৩। দক্ষিণ-পূর্ব রেলে ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি.১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসংকঃ ১।

মালদা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ৪টি। এর মধ্যে পূর্ব রেলে ৪টি (তঃউঃজাঃ)।

শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ২৬টি। এর মধ্যে উত্তর সীমান্ত রেলে ২৬টি (জেনাঃ ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসংকঃ ৩।

পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১৭টি। এর মধ্যে পূর্ব-মধ্য রেলে ১৭টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসংকঃ ২।

রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ২৭টি। এর মধ্যে পূর্ব-মধ্য রেলে ১৫টি (জেনাঃ ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসংকঃ ২। দক্ষিণ-পূর্ব রেলে ১২টি (জেনাঃ ৪, তঃজাঃ ৭, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসংকঃ ১।

ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ২৩টি। এর মধ্যে পূর্ব উপকূল রেলে ২৩টি (জেনাঃ ৯, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ৭)। এর মধ্যে প্রাঃসংকঃ ৩।

গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ৩৭টি। এর মধ্যে উত্তর সীমান্ত রেলে ৩৭টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রাঃসংকঃ ৪।

মুজফ্ফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১৪টি। এর মধ্যে পূর্ব মধ্য রেলে ১৪টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসংকঃ ২।

আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ৩১টি।

আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ৬১টি।

প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১১২টি।

বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১০২টি।

ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ৬২টি।

বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ৬৪টি।

চন্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ২৮টি।

চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১১৯টি।

গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১৮টি।

জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১২২টি।

মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১৭৭টি।

সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ৭০টি।

তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে ১১৪টি।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

RICE ADAMAS GROUP
2027 হোক আপনার সরকারি চাকরির স্বপ্নপূরণের বছর
চলতি অর্থবর্ষেই রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে প্রায় এক লক্ষ শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে। আপনি তৈরি তো ?
দীর্ঘ ৪১ বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রতিষ্ঠানের সঠিক দিশা ও প্রশিক্ষণে আজ থেকেই শুরু হোক সাফল্যের প্রস্তুতি।
RICE EDUCATION
বিগত RRB NTPC and Kolkata Police SI পরীক্ষায় RICE Education এর কিছু সফল নক্ষত্র
AYAN MAITY
1. RRB NTPC Graduate Level, CEN-05-2024, Zone-Bhubaneswar 2. SSC CGL-2025, Office Superintendent-CBDT Contai, Purba Midnapore
ARPAN MONDAL
Railway Section Controller-2025, South Eastern Railway Akna, Pulba, Hooghly
SAYANTAN SAHA
1. RRB NTPC Graduate Level, CEN-05-2024, Zone-Kolkata 2. SSC CGL-2025, Office Superintendent-CBDT 3. UCO Bank, CSA-2026 Shyamnagar, 24 PGS North
SONALI DAS
RRB NTPC Graduate Level, CEN-05-2024, Zone-Malda Chakulia, Uttar Dinajpur
SINCHINI MAITY
1. RRB NTPC Under Graduate Level, 2024, RRB Kolkata 2. SSC CHSL-2025 Kanakpur, Contai, Purba Medinipur
SATANTRA SENGUPTA
1. RRB NTPC Graduate Level, CEN-05-2024, Zone-Malda 2. SSC CHSL 2025 Monalisa Apartment, Jalpaiguri
AMIT KUMAR GHOSH
Kolkata Police SI 2023 Shyamnagar, Nadia
DEBASHISH MONDAL
Kolkata Police SI 2023 Nimchi, Minakhan, North 24 Parganas
SIKHA SAMUI
Kolkata Police SI 2023 Raipur, Bankura
DINABANDHU KARMAKAR
Kolkata Police SI 2023 Srikrishna Nagar, South 24 Parganas
KALPAN MITRA
Kolkata Police SI 2023 Andul, Howrah
AYASHA KHATUN
Kolkata Police SI 2023 Jamalpur, Purba Bardhaman
Kolkata Police SI 2023 ও WB Police Constable 2024-এ সাফল্যের নিরিখে আবারও RICE-এর ছাত্রছাত্রীদের জয়জয়কার! ১৫০+ সাফল্য
Classroom I Residential
IAS I WBCS I PSC I SSC I Rail I Police I Bank I Insurance
Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957
শীঘ্রই প্রকাশিত হতে চলেছে রাজ্য পুলিশ এবং কলকাতা পুলিশে নিয়োগের বিজ্ঞপ্তি
রেলওয়েতে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত
RRB NTPC 2026 মোট ৫,১৬৫টি শূন্যপদ
RRB Station Master 2026 মোট শূন্যপদ ১,২৬৫টি
PSC Clerkship, Police ও TET-এর চাকরির লক্ষ্যে প্রস্তুতি শুরু হোক সঠিক দিশায়।
PSC Clerkship Pro (Online)
Police Combined (Online)
TET (Online)
RICE Education-এর সব শাখায় ভর্তি চলছে
Helpline 62921 90230
riceeducation.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com